Artist Employment Program

CREATIVES REBUILD NEW YORK

# কার্যক্রম সম্পর্কিত নির্দেশিকা

WWW.CREATIVESREBUILDNY.ORG

# সূচিপত্র

1 | সংক্ষিপ্ত বিবরণ

2 | প্রসঙ্গ এবং উদ্দেশ্য

লক্ষ্যসমূহ

কিভাবে এই প্রোগ্রামটি পরিকল্পনা করা হয়েছে

3 | কিভাবে এমপ্লয়মেন্ট কাজ করে

ক্ষতিপূরণ

সুবিধাগুলি

যারা কর্মসংস্থান প্রদান করার অধিকারী

4 | সময়সীমা

5 | যোগ্যতা

যৌথ আবেদন

কারা আবেদন করতে পারেন

সংজ্ঞাগুলি

বিধিনিষেধ

6 | নির্বাচিত হওয়ার শর্তাবলী

7 | পর্যালোচনা প্রক্রিয়া

8 | কিভাবে আবেদন করবেন

9 | আবেদন সম্পর্কিত সহায়তা

হেল্প ডেস্ক

তথ্য প্রদান সংক্রান্ত সেশন

10 | আর্থিক অনুদানের মেয়াদ,  প্রদান করার জন্য আর্থিক অনুদান, এবং বর্তমানে চলতে থাকা প্রক্রিয়াগুলি

অর্থ সাহায্য প্রদান করা

অন্যান্য প্রক্রিয়া

11 | তথ্য নিরাপত্তা এবং গোপনীয়তা

12 | নিউ ইয়র্ক স্টেট আর্টিস্ট সার্ভে

13 | আবেদন পদ্ধতি সম্পর্কিত প্রশ্ন

14 | প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্ন

# 1 | সংক্ষিপ্ত বিবরণ

ক্রিয়েটিভস রিবিল্ড নিউ ইয়র্ক (CRNY)-এর আর্টিস্ট এমপ্লয়মেন্ট প্রোগ্রাম (AEP) দুই বছরের জন্য নিউইয়র্ক স্টেট জুড়ে কয়েক ডজন কমিউনিটি-ভিত্তিক সংস্থার সহযোগিতায় 300 জন শিল্পী, সংস্কৃতি ধারক, এবং সংস্কৃতি নির্মাতাদের (শিল্পীদের) কর্মসংস্থানের জন্য অর্থ প্রদান করবে। অংশগ্রহণকারী শিল্পীরা তাঁদের শিল্পকাজে নিযুক্ত থাকার জন্য প্রয়োজনীয় সময় সহ প্রতি বছর $65,000 বেতন এবং বিভিন্ন সুবিধা উপভোগ করতে পারবেন। অংশগ্রহণকারী সংস্থাগুলি শিল্পীদের কর্মসংস্থান সমর্থন করার জন্য প্রতি বছর $25,000 থেকে $100,000-এর মধ্যে অর্থ সাহায্য লাভ করবে।

# 2 | প্রসঙ্গ এবং উদ্দেশ্য

কম্প্রিহেন্সিভ এমপ্লয়মেন্ট অ্যান্ড ট্রেনিং অ্যাক্টের পূর্ব প্রসঙ্গ অনুযায়ী—ফেডারেল অর্থায়নে পরিচালিত এই উদ্যোগ যা 1974 থেকে 1981 সাল পর্যন্ত নিউইয়র্ক স্টেট এবং সারা দেশে শিল্পীদের প্রকল্পগুলিকে সমর্থন জানিয়েছিল—সাম্প্রতিককালে শিল্পীদের স্বল্প আয় এবং বেকারত্ব মোকাবিলা করার জন্য শিল্পী এবং শিল্পকলার প্রবক্তেরা একটি কর্মশক্তি সম্পর্কিত কার্যক্রমের আহ্বান জানিয়েছেন। CRNY-এর শিল্পী কর্মসংস্থান সংক্রান্ত কার্যক্রম 300 জন শিল্পী এবং তাদের সাংগঠনিক অংশীদারদের বেতন এবং সুবিধা সহ কর্মসংস্থানের জন্য অর্থ প্রদান করবে - এইভাবে শ্রমশক্তির ক্ষেত্রে মূল কর্মী হিসাবে শিল্পীদের গুরুত্ব বোঝা যাবে।[1]

যে সকল শিল্পী কমিউনিটি-ভিত্তিক সংস্থাগুলির সহযোগিতায় কাজ করে থাকেন, তাঁদের সমর্থন করার মধ্য দিয়ে AEP, শিল্পী এবং সংস্থার মধ্যেকার সম্পর্ক উন্নত করার একটি পথ প্রদর্শন করে থাকে। যারা এই শিল্পকর্মের সঙ্গে জড়িত তাঁদের দক্ষত্যা এবং স্থায়িত্ব রচনা করার সময় সমতাপূর্ণ সম্পর্কটি, সৃজনশীল পদ্ধতিতে সমাধান, সুবিস্তৃত চিন্তাভাবনা এবং অংশগ্রহণ করার নতুন পদ্ধতিগুলিকে উত্সাহিত করে। 1শিল্পীদের সামাজিক পরিবর্তনের প্রণেতা এবং 1 নিউ ইয়র্ক স্টেটের সামাজিক এবং অর্থনৈতিক সমৃদ্ধির বিষয়ে শিল্পীদের ক্ষমতাকে তুলে ধরার মাধ্যমে CRNY বিশ্বাস করে যে এই ধরণের সহযোগিতা কমিউনিটিগুলিকে সহায়তা এবং সমৃদ্ধি প্রদান করতে সাহায্য করে থাকে।

বর্তমান বিশ্বব্যাপী COVID-19 মহামারীর মধ্যেও শিল্পীদের কাজে ফিরিয়ে আনতে কার্যকরী সহায়তামূলক কর্মসূচিগুলি তৈরি করার মাধ্যমে, AEP ইতিহাসগতভাবে প্রান্তিক সম্প্রদায়ের মধ্যে শিল্পী এবং সংস্থাগুলিকে সমর্থন করার চেষ্টা করে — একইসঙ্গে যে সকল শিল্পী কর্মসংস্থানে পদ্ধতিগত বাধার সম্মুখীন হয়, তাঁদেরও সাহায্য করে থাকে।

শিল্পী এবং সম্প্রদায়-ভিত্তিক সংস্থার যুগলবন্দী অনেক ধরণের রূপ ধারণ করতে পারে। সেক্ষেত্রে এই ধরণের যুগলবন্দীর নতুন কোনও যোগাযোগ বা কোনও নতুন কাজের সঙ্গে জড়িত হওয়ার প্রয়োজন নেই। উদাহরণস্বরূপ, একজন শিল্পী যে কোনও সংস্থা, শিক্ষা প্রদানকারী শিল্পী, শিল্পী সংগঠক, তথ্য গঠনকারী, বা সৃজনশীল পরামর্শদাতা হিসাবে কাজ করতে পারেন। সাংগঠনিক অংশীদার যে কোনও শিল্প ও সাংস্কৃতিক সংগঠন, সরকারী সংস্থা, অথবা অ-কলা কমিউনিটিভিত্তিক সংস্থা হতে পারে।

[1] https://www.artistsallianceinc.org/art-work-how-the-government-funded-ceta-jobs-program-put-artists-to-work/

## লক্ষ্যসমূহ

আর্টিস্ট এমপ্লয়মেন্ট প্রোগ্রাম পরিবেশভিত্তিক-স্তরের পরিবর্তন করতে চায় এবং এক্ষেত্রে তিন ধরণের প্রাথমিক অংশীদার রয়েছে: **শিল্পী**, **সম্প্রদায় ভিত্তিক সংগঠন**, এবং কমিউনিটি। CRNY এই অংশীদারদের প্রত্যেকের জন্য নিম্নলিখিত লক্ষ্যগুলি চিহ্নিত করেছে:

### শিল্পী

- শিল্পীদের জীবিকা এবং আয়ের উপর বিশ্ব-মহামারীর বিপর্যয়কর প্রভাবের পরিপ্রেক্ষিতে, বিশেষ করে নিউ ইয়র্ক স্টেট জুড়ে থাকা কম উপার্জনক্ষম এবং কর্মবিহীন শিল্পীদের আর্থিক স্থিতিশীলতা প্রদান করা।
- শিল্পীদের তাদের শৈল্পিক অনুশীলনকে আরও গভীর করার সুযোগ প্রদান করার মধ্য দিয়ে শিল্পীদের দক্ষতা এবং ক্ষমতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ বেতনভিত্তিক কর্মসংস্থানের ব্যবস্থা করা।
- সংগঠন এবং সম্প্রদায়ের সাথে কাজ করার উদ্দেশ্যে শিল্পীদের বোঝাপড়ার এবং দক্ষতা বৃদ্ধিতে সহায়তা করা।
- তহবিল এবং নীতি ব্যবস্থার মধ্যে শিল্পীদের প্রভাব বৃদ্ধি করার জন্য একটি যৌথ পরিকাঠামো গড়ে তোলা।

### কমিউনিটি ভিত্তিক সংগঠন

- শিল্প এবং অ-শিল্প উভয় ক্ষেত্র, যেগুলি মহামারীর কারণে প্রচুর আর্থিক চাপ এবং ক্ষতির সম্মুখীন হয়েছে, সেই ধরণের কমিউনিটি-ভিত্তিক সংস্থাগুলির আর্থিক পুনরুদ্ধার এবং স্থিতিশীলতাকে সমর্থন করা।
- কমিউনিটি এবং এর সঙ্গে সম্পর্কিত বিষয়গুলির জন্য এবং এগুলির সঙ্গে কাজ করার জন্য সংস্থাগুলির ক্ষমতাকে আরও গভীর করা।
- শিল্পী এবং সংস্থাগুলির মধ্যে পারস্পরিক লাভজনক সহযোগিতার জন্য নতুন বেশ কিছু মডেল তৈরি করা।

### কমিউনিটিগুলি

- কমিউনিটিকে সমর্থন করে এবং সমৃদ্ধ করে এমন ধরণের যুগলবন্দী তৈরি করা এবং কমিউনিটির চাহিদা এবং ইচ্ছা পূরণ করা।
- কর্মী হিসাবে শিল্পীদের তুলে ধরা এবং তাঁদের মূল্য বোঝার ক্ষমতা বৃদ্ধি করার জন্য; কমিউনিটিগুলি শিল্পীদের পরিশ্রম এবং পদ্ধতিগুলি বুঝতে সক্ষম হবে।

## কিভাবে এই প্রোগ্রামটি পরিকল্পনা করা হয়েছে

2021 সালের শরত্কালে, ক্রিয়েটিভস রিবিল্ড নিউ ইয়র্ক একটি থিঙ্ক ট্যাঙ্ক গঠন করে— যেটি নিউ ইয়র্ক স্টেটের সুপরিচিত এবং ব্যাপক অভিজ্ঞতাসম্পন্ন শিল্পী, শিক্ষিত ব্যক্তিগণ, কৌশলবিদ এবং কর্মীদের দ্বারা গঠিত একটি বৈচিত্র্যময় জোট। প্রতি মাসে দুই বার ডিজিটাল মিটিংয়ের মাধ্যমে, এই জোটটি শিল্পীদের জন্য সুনিশ্চিত আয় এবং শিল্পীর কর্মসংস্থান সংক্রান্ত কর্মসূচি উভয় ক্ষেত্রেই সামগ্রিক পরামর্শ দিয়ে থাকে।

# 3 | কিভাবে কর্মসংস্থান কাজ করে

## ক্ষতিপূরণ

অংশগ্রহণকারী শিল্পীরা তাঁদের শিল্পকাজে নিযুক্ত থাকার জন্য প্রয়োজনীয় সময় সহ প্রতি বছর $65,000 বেতন (নিউ ইয়র্ক স্টেটের আয়ের মধ্য সীমার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ) এবং সুবিধা উপভোগ করতে পারবেন।

তাদের শিল্পীদের কর্মসংস্থানে সহায়তা করার জন্য অংশগ্রহণকারী সংস্থাগুলিকে অর্থ প্রদান করা হবে। সংস্থা প্রতি এই অর্থসাহায্যের বার্ষিক পরিমাণ হবে $25,000 এবং $100,000, সেক্ষেত্রে প্রতিটি সংস্থা যে পরিমাণ অর্থসাহায্য লাভ করবে সেটি নির্ভর করবে কত সংখ্যক শিল্পী নিযুক্ত রয়েছেন এবং সাংগঠনিক বাজেটের প্রভাবের উপর।

## সুবিধাগুলি

AEP অর্থসাহায্য—যে সংস্থাটি শিল্পীর কর্মসংস্থান নির্ধারণ করে, তার মাধ্যমে কর্মসংস্থান সম্পর্কিত এই সুবিধাগুলিকে লাভ করতে শিল্পীদের সহায়তা করবে-যেমন চিকিৎসা, দাঁতের চিকিৎসা, চোখের সমস্যা, এবং অন্যান্য সমস্ত বাধ্যতামূলক সুবিধাগুলি। এই সুবিধাগুলি সেই সংস্থার মানসম্পন্ন মানব সম্পদ সংক্রান্ত কাজকর্মের উপর ভিত্তি করে পরিচালিত হবে।

## □ারা কর্মসংস্থান প্রদান করার অধিকারী

শিল্পীদের কর্মসংস্থান দুটি উপায়ের মধ্যে একটির মাধ্যমে সম্পন্ন হবে:

1. **একটি সহ□াগী সংস্থা কর্মসংস্থান পদ্ধতিটির দায়িত্বে রয়েছে**: আবেদনকারী প্রতিষ্ঠানের অবশ্যই একটি নির্ভরযোগ্য বেতন পরিকাঠামো থাকতে হবে; কর্মীদের ক্ষতিপূরণ প্রদান করতে সক্ষম হবে; বেতন থেকে বরাদ্দ ট্যাক্স সংক্রান্ত বিষয়ে পরিষেবা প্রদান করা; এবং সংস্থার মধ্যে একটি মানব সম্পদ ব্যবস্থা থাকতে হবে।

2. **নিয়োগ পদ্ধতি একটি মধ্যস্থতাকারী সংস্থার মাধ্যমে সম্পন্ন হয়**: যে সংস্থাগুলি নিয়োগ পদ্ধতি এবং সুবিধাগুলি সম্পন্ন করার অধিকারী নয়, সেই সকল সংস্থাগুলির আবেদন করার ক্ষেত্রে, শিল্পীদের একটি মধ্যস্থতাকারী সংস্থা দ্বারা নিযুক্ত করা হবে যা বেতন লাভ করার ক্ষেত্রে এবং মানব সম্পদ পরিষেবায় সহায়তা প্রদান করবে।

   CRNY একটি মধ্যস্থতাকারী সংস্থা হিসেবে কাজ করার জন্য কর্মীদের সঙ্গে সক্রিয়ভাবে আলোচনা করছে যেটি AEP-তে শিল্পীদের একটি অংশের জন্য কর্মসংস্থান এবং সুবিধাগুলি প্রদান করতে পারে। এই মধ্যস্থতাকারী সংস্থাগুলি সেই সকল সংস্থাগুলিকে সমর্থন করবে যারা শিল্পীদের নিয়োগ করতে চায় কিন্তু যাদের কর্মসংস্থান এবং/অথবা সুবিধা প্রদান করার ক্ষমতা সীমিত।

# 4 | সময়সীমা

| | |
|---|---|
| আবেদন করার নির্দেশিকা প্রকাশিত হয়েছে | 14'ই ফেব্রুয়ারি, 2022 |
| প্রথম ধাপে আবেদন জমা দেওয়ার শেষ তারিখ | 25'শে মার্চ, 2022 |
| প্রথম ধাপের চূড়ান্ত আবেদনকারীদের জানানো হয়েছে | 11'ই এপ্রিল, 2022 |
| দ্বিতীয় ধাপ ইন্টারভিউ | 25'শে এপ্রিল - 20'ই মে, 2022 |
| নির্বাচিত অংশীদারদের জানানো হয়েছে | 6'ই জুন, 2022 |
| সর্বজনীনভাবে নির্বাচিত অংশীদারদের ঘোষণা করা হয়েছে | 23'শে জুন, 2022 |
| শিল্পীদের নিয়োগপদ্ধতি শুরু | 27'শে জুন, 2022 |
| সংস্থার জন্য অর্থ প্রদান করা | জুন 2022 |
| | ডিসেম্বর 2022 |
| | জুন 2023 |
| | ডিসেম্বর 2023 |
| শিল্পী নিয়োগ করা শেষ হবে | জুন 2024 |

# 5 | যোগ্যতা

## যৌথ আবেদন

আর্টিস্ট এমপ্লয়মেন্ট প্রোগ্রাম-এর **একটি যৌথ আবেদন**-এর প্রয়োজন হয়, যা **শিল্পী এবং সংগঠনের মধ্যে** হয়ে থাকে। হয় শিল্পী(দের) অথবা সংস্থাটি এই যুগলবন্দী শুরু করতে পারে এবং আবেদন করার সময় শিল্পী(দের) এবং সংস্থা উভয়কেই নির্দিষ্টভাবে নাম দিতে হবে এবং একসাথে কাজ করতে সম্মত হতে হবে।

এই যুগলবন্দীতে একজন বা একাধিক শিল্পী অন্তর্ভুক্ত থাকতে পারেন। সংস্থাগুলি একজন বা একাধিক শিল্পীকে নিয়োগ করার জন্য আবেদন করতে পারে। একাধিক শিল্পীর সঙ্গে যুগলবন্দীর ক্ষেত্রে, সেইসকল শিল্পীরা হয় যুগ্মভাবে বা স্বতন্ত্রভাবে কাজ করতে পারেন। সম্পূর্ণ প্রস্তাবিত যুগলবন্দীটিকে একটি ইউনিট হিসাবে মূল্যায়ন করা হবে, এবং এই পদ্ধতিতে সমস্ত যুগলবন্দীকারী সংস্থা এবং শিল্পীদের হয় অর্থ প্রদান করা হবে অথবা কাউকেই করা হবে না। যুগলবন্দীকারীদের পৃথকভাবে মূল্যায়ন করা হবে না।

## কারা আবেদন করতে পারেন

AEP-তে আবেদন করার জন্য যোগ্য হওয়ার ক্ষেত্রে, **সংগঠনগুলি** অবশ্যই:

- একটি কর-মুক্ত 501(c)(3) দাতব্য সংস্থা অথবা একটি সংস্থা যা রাষ্ট্রীয় আইন দ্বারা তৈরি বা রাষ্ট্রকে অনুসরণ করে এবং জনসাধারণের উদ্দেশ্যে পরিচালিত হয় এবং/অথবা একটি 501(c)(3) দাতব্য সংস্থার দ্বারা আর্থিকভাবে সহায়তা লাভ করে থাকে
- নিউ ইয়র্ক স্টেটে তাদের প্রধান দপ্তর অবস্থিত
- নিম্নে উল্লেখিত এক বা একাধিক কমিউনিটিকে সহায়তা করা হয়:
    - কৃষ্ণাঙ্গ, স্বদেশী, এবং/অথবা বিভিন্ন বর্ণের মানুষ
    - অভিবাসী
    - LGBTQIAP+ (সমাকামী মহিলা, সমকামী পুরুস, উভকামী, ট্রান্সজেন্ডার, অজানা/প্রশ্নযুক্ত, আন্তঃকামী, অযৌন/কামনাহীন, সর্বকামী+)
    - বধির/অক্ষম
    - ফৌজদারি আইনী ব্যবস্থা-জড়িত রয়েছে
    - দারিদ্র্যসীমাতে বা তার নীচে (নিম্ন-আয়) বসবাসকারী
    - গ্রামাঞ্চল

AEP-তে আবেদন করার জন্য যোগ্য হতে, **শিল্পীদের** অবশ্যই:

- নিউ ইয়র্ক স্টেটের মূল বাসিন্দা হতে হবে
- একজন শিল্পী, সংস্কৃতি ধারক বা সংস্কৃতি নির্মাতা
- Tides or Creatives Rebuild New York-এর কর্মী সদস্য নন বা কোনও কর্মী সদস্যের সঙ্গে সম্পর্কিত নয় (যেমন, খুব কাছের পারিবারিক সদস্য)।

যে সকল শিল্পীরা যারা স্বল্প আয় বা কর্মহীন এবং/অথবা যারা কৃষ্ণাঙ্গ, স্বদেশী, বিভিন্ন বর্ণের মানুষ, অভিবাসী, LGBTQIAP+ (সমাকামী মহিলা, সমকামী পুরুস, উভকামী, ট্রান্সজেন্ডার, অজানা/প্রশ্নযুক্ত, আন্তঃকামী, অযৌন/কামনাহীন, সর্বকামী+), বধির/অক্ষম, ফৌজদারি আইনী ব্যবস্থা-জড়িত রয়েছে, দারিদ্র্যসীমাতে বা তার নীচে বসবাসকারী এবং/অথবা গ্রামীণ এলাকায় বসবাসকারীদের আবেদন করতে উৎসাহিত করা হয়।

# সংজ্ঞাগুলি

একজন **শিল্পী**, **সংস্কৃতি বাহক**, **বা সংস্কৃতি নির্মাতা** ('শিল্পী') এমন একজন ব্যক্তি যিনি নিয়মিতভাবে শৈল্পিক বা সাংস্কৃতিক কর্মের সঙ্গে নিযুক্ত থাকেন: যিনি অন্যদের সঙ্গে সম্যকভাবে যোগাযোগ বা সম্পর্ক ভাগ করে নেওয়ার অভিপ্রায়ে নিজেকে প্রকাশ করে থাকেন; ঐতিহ্যপূর্ণ জ্ঞান এবং সাংস্কৃতিক কর্মে অগ্রসর ভূমিকা পালন করেন; তাঁর কমিউনিটিকে সাংস্কৃতিক সম্পদের দ্বারা পূর্ণ করে তোলেন; এবং/অথবা সামাজিক প্রভাবের কথা স্মরণে রেখে কমিউনিটির মধ্যে অন্যদের সঙ্গে যুগ্মভাবে এবং অন্যদের সঙ্গে সৃষ্টি করেন। শিল্পীরা তাঁদের কর্মের মাধ্যমে নিজেদের টিকিয়ে রাখতে এবং তাঁদের এই কাজকে চালিয়ে যাওয়ার জন্য প্রতিশ্রুতি বজায় রাখতে চান। শিল্পীরা পৃথকভাবে এবং যুগ্মভাবে, অথবা তাঁদের কর্মক্ষেত্রের মধ্যে শিক্ষাবিদ হিসাবে কাজ করতে পারেন।

**শৈল্পিক এবং সংস্কৃতি সম্পর্কিত** কর্ম**কান্ডগুলির** মধ্যে রয়েছে: কারুশিল্প, নৃত্য, নকশা, চলচ্চিত্র, সাহিত্য শিল্প, যোগাযোগমাধ্যম সম্পর্কিত শিল্প, সঙ্গীত, মৌখিক ঐতিহ্যগত পদ্ধতি, সামাজিক কাজকর্ম, থিয়েটার, পরিবেশন শিল্পকলা, ঐতিহ্যগত শিল্প, দৃশ্যকলা এবং আন্তঃসাংস্কৃতিক শিল্প। প্রতিটি বিষয়ের বিশদ বিবরণের জন্য, অনুগ্রহ করে FAQগুলি দেখুন।

কমিউনিটি **ভিত্তিক সংগঠনগুলি** অলাভজনক সংস্থা, সরকারী সংস্থা, বা আর্থিক অনুদানে গড়ে ওঠা সংস্থা হয়ে থাকে, যেগুলি তাদের কমিউনিটির অধিবাসীদের জীবন উন্নত করতে স্থানীয় পর্যায়ে কাজ করে। কমিউনিটি-ভিত্তিক সংস্থাগুলি ন্যায়সম্পন্ন এবং শক্তিশালী সম্প্রদায় গড়ে তোলার জন্য শিল্প ও সাংস্কৃতিক ক্ষেত্রে অথবা অন্য কমিউনিটির উন্নয়নের ক্ষেত্রগুলিতে (স্বাস্থ্য, শিক্ষা, পরিবেশ, ইত্যাদি) তাদের উদ্দেশ্য বা কাজ  চরিতার্থ করতে পারে।

শুধু নিউ ইয়র্ক স্টেটের মধ্যেই **গ্রামীণ** শব্দটিকে প্রায় এক ডজন ভিন্ন উপায়ে সংজ্ঞায়িত করা হয়েছে; যাইহোক, CRNY-এর অর্থ প্রদান সম্পর্কিত কর্মসূচির উদ্দেশ্যে বলা যায় যে, 'গ্রামীণ সম্প্রদায়' হলো মেট্রোপলিটন এবং মাইক্রোপলিটান এলাকার বাইরে যে জায়গায় জনসংখ্যা 10,000 বা তার কম।

# বিধিনিষেধ

### একাধিক আবেদন

শিল্পী কর্মসংস্থান সংক্রান্ত কর্মসূচিতে, শিল্পী এবং সংগঠন শুধুমাত্র একটি আবেদনই করতে পারেন। শিল্পীরা একাধিক সংস্থার দ্বারা নিযুক্ত হতে চাইতে পারবেন না; সংস্থাগুলি ভিন্ন শিল্পী বা যুগলবন্দীর সঙ্গে জড়িত একাধিক প্রস্তাব জমা দিতে পারে না।

শিল্পীরা গ্যারান্টিড ইনকাম ফর আর্টিস্ট প্রোগ্রাম এবং আর্টিস্ট এমপ্লয়মেন্ট প্রোগ্রাম দুটির  জন্যই আবেদন করতে পারবেন না। আমরা সমস্ত যোগ্য আবেদনকারীদের আবেদন জমা দেওয়ার আগে তাঁদের জন্য  কোন CRNY কর্মসূচীটি সবচেয়ে  উপযুক্ত তা বিবেচনা করতে অনুরোধ করি।

### আর্থিক পৃষ্ঠপোষকতা

একটি LLC বা অন্য 501(c)(3)হীন সংস্থা মূল সংস্থা হিসাবে আবেদন করতে পারেন না, তবে একটি 501(c)(3) দাতব্য সংস্থা বা একটি 501(c)(3) সংস্থার আবেদনের ভিত্তিতে সহযোগী অংশীদার হিসাবে একটি আর্থিক পৃষ্ঠপোষকের সঙ্গে মিলে আবেদন করতে

পারে। হয় আর্থিক পৃষ্ঠপোষক অথবা 501(c)(3) সংস্থাকে আবশ্যিকভাবে মূল সংস্থা হতে হবে এবং AEP আর্থিক অনুদানের সঙ্গে যুক্ত সমস্ত অর্থ গ্রহণ করবে।

একজন শিল্পী তখনই একটি 501(c)(3)-হীন সংস্থার সাথে কাজ করতে পারেন যখন <u>শুধুমাত্র</u> সেই সংস্থাটি যদি আর্থিকভাবে একটি 501(c)(3) দাতব্য সংস্থার দ্বারা অর্থ প্রদান করা হয়।

একজন আর্থিক সাহায্যপ্রাপ্ত স্বতন্ত্র শিল্পী একটি 501(c)(3) নিয়োগকারী সংস্থা ছাড়া আবেদন করার যোগ্য <u>নন</u>।

### মেধা সম্পত্তির অধিকার

যে সময় শিল্পীরা তাঁদের সহযোগীদের থেকে স্বাধীনভাবে (যদিও নিযুক্ত) কাজ করে থাকেন, তখন অংশগ্রহণকারী সংস্থাগুলি শিল্পীদের দ্বারা তৈরি করা কাজের জন্য কোনও মেধা সম্পত্তির অধিকার থাকবে না বা পাবে না।

# 6 | নির্বাচিত হওয়ার মানদণ্ড

যে আবেদনগুলি নিম্নলিখিত মানদণ্ডগুলি পূরণ করতে পারে সেগুলিকে অগ্রাধিকার দেওয়া হবে:

- **প্রস্তাবিত যুগলবন্দীর ক্ষমতা এবং অখণ্ডতা**
  - প্রস্তাবিত কাজটি কি যৌথভাবে শিল্পী এবং সংস্থার দ্বারা উন্নত এবং/ অথবা তৈরি করা হয়েছে?
  - প্রস্তাবিত কাজটি কি সংস্থার লক্ষ্য এবং শিল্পীদের কাজ উভয়ের সাথে সঙ্গতিপূর্ণ?
  - প্রস্তাবিত কাজের বাইরে শিল্পী(দের) ব্যক্তিগত শৈল্পিক কর্ম করার জন্য কি একটি স্পষ্টভাবে উল্লেখিত পরিকল্পনা বা সময় বরাদ্দ করা আছে?
  - প্রস্তাবিত কাজগুলি কি সম্প্রদায়ের মাধ্যমে করা হচ্ছে এবং/অথবা সম্প্রদায়ের চাহিদা এবং সুযোগের দ্বারা চালিত হচ্ছে?
  - অংশীদাররা কি অংশীদারিত্বের সাফল্য এবং স্থায়িত্বকে সংজ্ঞায়িত করতে পারে?

- CRNY-এর উদ্দেশ্যগুলির **সঙ্গে প্রস্তাবিত** সহযোগিতার **শ্রেণীবিন্যাস**
  - প্রস্তাবিত সহযোগিতা কি **ন্যায়**সঙ্গত এবং বাতিল**অ**যোগ্য?
  - প্রস্তাবিত সহযোগিতা কি শিল্পী, সংস্কৃতি ধারক এবং সংস্কৃতি নির্মাতাদের জ্ঞান এবং দক্ষতাকে কেন্দ্র করে গড়ে ওঠে?
  - সংস্থার নেতৃস্থানীয়েরা এবং শিল্পীরা কি তাঁদের দ্বারা প্রতিফলিত সম্প্রদায় বা সম্প্রদায়ের পরিচয় এবং সাংস্কৃতিক ঐতিহ্যগুলিকে প্রতিফলিত করে?
  - সংস্থাটির কি তাদের কমিউনিটিগুলিকে সঠিকভাবে উপস্থাপিত করার জন্য প্রয়োজনীয় পরিকাঠামো রয়েছে (যেমন, ভাষা এবং সাংস্কৃতিক দক্ষতা, শারীরিকভাবে উপস্থিতযোগ্য স্থান)?

- **শিল্পীদের সমর্থন করার জন্য সংস্থার ক্ষমতা**
  - সংস্থাটি কি কর্মচারীর স্বার্থনির্ভর কাজের প্রতি দৃঢ় দায়বদ্ধতা প্রদর্শন করে?
  - সংস্থা কি বোঝে কিভাবে শিল্পীদের কিভাবে সমর্থন করতে হয়?
  - সংস্থাটির কি শিল্পীদের সঙ্গে জোটবদ্ধ হওয়ার কোনও ইতিহাস রয়েছে? সংস্থাটি অথবা এর অনুষ্ঠানগুলো কি শিল্পীদের নেতৃত্বাধীন হয়ে থাকে?

- **সংস্থাটির আর্থিক ক্ষমতার উপর প্রভাব**
  - সংস্থাটির বর্তমান আর্থিক চাহিদা এবং ক্ষমতা কি স্পষ্টভাবে বলা আছে?
  - এই অর্থ সাহায্য কীভাবে সংস্থাটির কার্যধারায় পরিবর্তন করবে সেটি কি সংস্থাটি সুনিশ্চিত করতে পারে?

অর্থের সুষম বন্টনের প্রতি CRNY-এর প্রতিশ্রুতি মেনে, ভারসাম্য বজায় রাখতে চূড়ান্ত নির্বাচনটি সুনিশ্চিত করতে হবে:

- গ্রামীণ সম্প্রদায়গুলির উল্লেখযোগ্য প্রতিনিধিত্ব সহ, নিউ ইয়র্ক স্টেটের দশটি অঞ্চলকে ভৌগলিক অঞ্চলে ভাগ করা
- সংস্থার আকারের একটি পরিসীমা
- শৈল্পিক বিষয়গুলি এবং জোটবদ্ধ পদ্ধতির একটি পরিসীমা
- জোটবদ্ধতার এমন একটি মেলবন্ধন যেখানে একাধিক শিল্পীর সঙ্গে জোট বাধা যায় আবার অন্য এক সহযোগিতায় একজন শিল্পীর সঙ্গেও জোট করা যেতে পারে

# 7 | পর্যালোচনা প্রক্রিয়া

আবেদনের পর্যালোচনা প্রক্রিয়া দুটি পর্যায়ে করা হবে:

## প্রথম পর্যায়: আবেদনের পর্যালোচনা

প্রথম ধাপের আবেদনগুলি বহিরাগত সহ-পর্যালোচকদের দ্বারা মূল্যায়ন করা হবে - শিল্পী এবং সাংগঠনিক পেশাদার, যাদের নিজস্ব ভৌগলিক অঞ্চলের ক্ষেত্রে গভীর অভিজ্ঞতা রয়েছে এবং যারা আবেদনকারীদের বিষয়ে ভালো ধারণা পোষণ করেন। 28'শে মার্চ, 2022 এবং 8'ঠা এপ্রিল, 2022-এর মধ্যে CRNY কর্মীরা এবং বহিরাগত পর্যালোচকরা আবেদনগুলি পর্যালোচনা করবেন এবং দ্বিতীয় ধাপে কোন অংশীদারকে আমন্ত্রণ জানানো হবে সে বিষয়ে সুপারিশ করবেন। 11'ই এপ্রিল, 2022-এ CRNY চূড়ান্ত আবেদনকারীদের দ্বিতীয় ধাপে যাওয়ার জন্য জানাবে।

## দ্বিতীয় ধাপ: সাক্ষাৎকার

25'শে এপ্রিল, 2022 থেকে 20'ই মে, 2022-এর মধ্যে একটি অনলাইন সাক্ষাত্কারের সময় নির্ধারণের জন্য চূড়ান্ত নির্বাচিত সংস্থার শিল্পী এবং প্রতিনিধিদের আমন্ত্রণ জানানো হবে। প্রতিটি সাক্ষাৎকারের জন্য একজন CRNY কর্মী সদস্যের সঙ্গে দুজন বহিরাগত সহ-পর্যালোচনাকারী উপস্থিত থাকবেন। এই সাক্ষাত্কার থেকে লাভ করা প্রতিক্রিয়া-একটি নিয়ম অনুসারে নথিভুক্ত যা নির্বাচনের মানদণ্ডের সাথে সঙ্গতিপূর্ণ-আর্থিক অনুদানের জন্য নির্ধারিত সিদ্ধান্তগুলিকে জানানো হয়। সকল বহিরাগত সহ-পর্যালোচকরা আলোচনা করার উদ্দেশ্যে এবং চূড়ান্ত সুপারিশ করতে CRNY কর্মীদের সঙ্গে মিলিত হবে। চূড়ান্ত অর্থ সাহায্যটি নিউ ইয়র্ক স্টেট জুড়ে CRNY-এর উদ্দেশ্য এবং সাংগঠনিক নীতির সঙ্গে মেলে কিনা তা নিশ্চিত করার মাধ্যমে CRNY কর্মীরা এই সুপারিশগুলি গ্রহণ করবেন এবং চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবেন।

চূড়ান্ত নির্বাচিতদের 6'ই জুন, 2022-এর মধ্যে সমস্ত সিদ্ধান্ত সম্পর্কে জানানো হবে। আমরা আশা করছি যে শিল্পীদের কর্মসংস্থান 27'শে জুন, 2022-এর মধ্যেই শুরু হবে।

# ৪ | কিভাবে আবেদন করবেন

25'শে মার্চ, 2022 ইস্টার্ন টাইম 11:59 PM-এর মধ্যে সমস্ত আবেদন ডিজিটাল পদ্ধতিতে জমা দিতে হবে।

যখন শিল্পীরা এবং সংস্থাগুলি একসঙ্গে কাজ করতে সম্মত হবেন এবং জোটবদ্ধতার জন্য একটি প্রস্তাব দুই তরফেই প্রস্তুত করা হবে, তখন CRNY-এর ওয়েব-ভিত্তিক আবেদন সংক্রান্ত প্ল্যাটফর্মে উপলব্ধ সাবমিটাবেল অপশনের মাধ্যমে দুই পক্ষই তাঁদের তথ্য জমা দিতে পারবে: https://creativesrebuildny.submittable.com/

একটি আবেদন পদ্ধতিটি একজন শিল্পী বা সংস্থার একজন প্রতিনিধির দ্বারা শুরু করা যেতে পারে। যে ব্যক্তি আবেদন পদ্ধতি শুরু করবেন তাঁকে প্রাথমিক আবেদনকারী হিসাবে মনোনীত করা হবে। প্রাথমিক আবেদনকারী যে বিষয়ের জন্য দায়ী থাকবেন:

- তাঁদের নিজেদের সম্বন্ধে তথ্য উল্লেখ করা,
- আবেদনে উল্লেখিত সমস্ত সহযোগীদের কাছ থেকে তথ্য অনুরোধ করা,
- সমস্ত সহযোগীরা তাদের তথ্য জমা দিয়েছেন তা নিশ্চিত করা, এবং
- চূড়ান্ত আবেদন জমা দেওয়া।

যখন মূল আবেদনকারী আবেদন পদ্ধতি শুরু করেন, তখন শিল্পীদের এবং সংস্থাগত সহযোগীদের যুক্ত করার ক্ষমতা তাঁদের থাকবে। একটি সংস্থাকে প্রাথমিক সংস্থা হিসাবে চিহ্নিত করতে হবে; এটি সেই সংস্থা যা CRNY থেকে সরাসরি অর্থ সাহায্য লাভ করবে। আবেদনে উল্লেখিত প্রতিটি শিল্পী এবং সংস্থাগত সহযোগী যৌথ আবেদন পদ্ধতি সম্পন্ন করতে পূরণ করা এবং জমা দেওয়ার জন্য একটি ফর্ম পাবেন।

আবেদনে প্রতিটি অংশগ্রহণকারী শিল্পী এবং সংস্থার সম্পর্কে প্রাথমিক তথ্য জিজ্ঞাসা করা হয় এবং তারপর প্রস্তাবিত সহযোগিতা সম্পর্কে তিনটি সংক্ষিপ্ত বর্ণনামূলক প্রশ্ন জিজ্ঞাসা করা হয়। এই সকল বর্ণনামূলক প্রশ্নের জন্য প্রাথমিক আবেদনকারী দায়ী থাকবেন। প্রাথমিক আবেদনকারীর দ্বারা আবেদন জমা দেওয়ার আগে এই উত্তরগুলি তৈরি করা উচিত এবং সমস্ত সহযোগীদের দ্বারা সম্মত হওয়া উচিত।

# ৭ | আবেদন সম্পর্কিত সহায়তা

## হেল্প ডেস্ক

CRNY একটি হেল্প ডেস্ক তৈরি করেছে যা পুরো আবেদন প্রক্রিয়া জুড়ে উপলব্ধ থাকবে। আবেদন প্রক্রিয়া জুড়ে সাহায্য নিশ্চিত করতে, CRNY-এর হেল্প ডেস্ক আবেদনকারীদের প্রযুক্তিগত সহায়তা প্রদান করবে যারা:

- নির্দেশিকা এবং প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলীতে উত্তর দেওয়া হয়নি এমন যেকোনো একটি কর্মসূচীর জন্য যোগ্যতা সম্পর্কে অতিরিক্ত প্রশ্ন রয়েছে
- কোন কর্মসূচীর জন্য আবেদন করতে হবে তা নিয়ে অনিশ্চয়তা রয়েছে
- অনলাইনে আবেদন করতে সক্ষম নন এবং যে কোনও কারণে তাঁদের নিজেদের বদলে অন্য কাউকে আবেদন করার জন্য দরকার, এগুলি সহ:
    - ব্রডব্যান্ড বা Wi-Fi-এর সীমিত অ্যাক্সেস
    - ইংরাজি অথবা স্প্যানিশ বাদে অন্য কোনও ভাষায় আবেদন জমা দিতে হবে
    - এমন কোনও অক্ষমতা যা তাঁদের আবেদন পদ্ধতিতে বাধা দান করে
    - অন্যান্য পরিস্থিতি

হেল্প ডেস্ক অ্যাক্সেস করতে, ইমেল করুন HelpDesk@creativesrebuildny.org অথবা কল করুন 855-929-3863 (সরাসরি সহায়তা সোমবার-শুক্রবার সকাল 10:00 AM থেকে 4:00 PM পূর্ব পর্যন্ত উপলব্ধ)। যে সকল আবেদনকারী ইংরেজি বা স্প্যানিশ বলতে পারেন না এবং যে সকল আবেদনকারীরা ইংরেজি ভাষা শিখছেন তাঁদের সাহায্য করার জন্য হেল্প ডেস্কে উপস্থিত অনুবাদকারীরা সদা সচেষ্ট।

## তথ্য প্রদান সংক্রান্ত বৈঠক

CRNY নিউ ইয়র্ক স্টেট কাউন্সিল অন দ্য আর্টস (NYSCA) এবং এর বেশ কয়েকটি স্টেটওয়াইড কমিউনিটি রিগ্রান্ট সাইটগুলির সাথে অংশীদারিত্ব করছে যাতে আমাদের প্রোগ্রামগুলি সম্পর্কে আরও জানার জন্য সম্ভাব্য আবেদনকারীদের অনলাইন তথ্য সেশন সহ-হোস্ট করা হয়। সমস্ত বিষয়গুলি বহুভাষিক এবং ASL সমর্থন প্রদান করবে। আরো তারিখ যোগ করা হবে এবং এটি পরিবর্তন সাপেক্ষ।

সবচেয়ে সাম্প্রতিক সময়সূচী এবং রেজিস্ট্রেশন সম্পর্কিত নির্দেশাবলীর জন্য www.creativesrebuildny.org/apply-তে ভিজিট করুন।

| তারিখ | হোস্ট |
|---|---|
| মঙ্গলবার, 15'ই ফেব্রুয়ারি সকাল 9:00 টায় | লং আইল্যান্ড আর্টস অ্যালায়েন্স |
| বৃহস্পতিবার, 17'ই ফেব্রুয়ারি দুপুর 12:00 টা | ফ্রেন্ডস অফ গ্যানান্ডোগান |
| মঙ্গলবার, 22 'শে ফেব্রুয়ারি সন্ধ্যা 7:00 টা | CNY আর্টস |
| বৃহস্পতিবার, 24'শে ফেব্রুয়ারি সন্ধ্যা 7:00 টা | দ্য আর্টস কাউন্সিল অফ দ্য সাউদার্ন ফিঙ্গার লেকস |
| মঙ্গলবার, 1'লা মার্চ সন্ধ্যা 7:00 টা | কেভিন গটকিনের মাধ্যমে প্রতিবন্ধী শিল্পীদের সহায়তা |
| বৃহস্পতিবার, 3'রা মার্চ 12:00 টা | নিউ ইয়র্ক স্টেট কাউন্সিল অন দ্য আর্টস |
| বৃহস্পতিবার, 10'ই মার্চ দুপুর 12:00 টা | নর্থ কান্ট্রি আর্টস কাউন্সিল |
| মঙ্গলবার, 15'ই মার্চ দুপুর 12:00 টা | আর্টস সার্ভিসেস ইনকর্পোরেশন, ট্রাই-কাউন্টি আর্টস কাউন্সিল, সেনেকা নেশন অফ ইন্ডিয়ানস |
| বৃহস্পতিবার, 17'ই মার্চ দুপুর 12:00 টা | নিউ ইয়র্ক স্টেট কাউন্সিল অন দ্য আর্টস |

# 10 | আর্থিক অনুদানের মেয়াদ, প্রদান করার জন্য আর্থিক অনুদান, এবং বর্তমানে চলতে থাকা প্রক্রিয়াগুলি

## অর্থ সাহা□্য প্রদান করা

- যে সংস্থা শিল্পীদের নিয়োগ করে সেই সংস্থার বেতন পদ্ধতির সময়সূচী অনুযায়ী (যেমন, সপ্তাহে দুইবার, মাসে দুই বার) বেতন দেওয়া হবে (হয় সহযোগী সংস্থা বা মধ্যস্থতাকারী)।
- একাধিক সংস্থা একসঙ্গে আবেদন করতে পারে, তবে একটিকে মূল সংস্থা হিসাবে অবশ্যই মনোনীত করতে হবে; এটি সেই সংস্থা যা CRNY-এর তরফ থেকে সমস্ত অর্থ সাহায্য লাভ করবে। মূল সংস্থাটি অবশ্যই একটি কর-মুক্ত 501(c)(3) পাবলিক দাতব্য বা একটি সংস্থা যা রাষ্ট্রীয় আইন দ্বারা তৈরি বা অনুসরণ করে এবং জনসাধারণের উদ্দেশ্যে পরিচালিত হয়, এমন একটি প্রতিষ্ঠান হতে হয়, যার প্রধান দপ্তর নিউ ইয়র্ক স্টেটে।
- CRNY মূল সংস্থাটিকে চারটি সমান কিস্তিতে অর্থ প্রদান করবে: সহযোগিতা শুরুর থেকে শুরু করে এবং তারপর প্রতি ছয় মাস পর, অর্থ সাহায্য করার মেয়াদ শেষ হওয়া পর্যন্ত।
- প্রতিবেদনের পরিবর্তে, তৃতীয়বার আর্থিক সাহায্য বিতরণ করার আগে, সহযোগিতা বৃদ্ধি করা এবং চ্যালেঞ্জগুলি নিয়ে আলোচনা করতে অর্থ সাহায্য যুক্ত অংশীদারিত্বের অধীনস্থ অংশগ্রহণকারীরা CRNY কর্মীদের এবং/অথবা আঞ্চলিক শিল্পীর যোগাযোগের সঙ্গে দেখা করবেন। এই মিটিংগুলি কর্মসূচীর জন্য প্রয়োজনীয়তাগুলিকে সুনিশ্চিত করবে এবং শিল্পী, সংস্থা, এবং অংশীদারিত্বের বিবর্তনকে সমর্থন করা এটির উদ্দেশ্য।
- যদি প্রাথমিক সংস্থা বা কোনও শিল্পীর কর্মসূচীতে তাঁদের অংশগ্রহণ করার পদ্ধতি সমাপ্ত করতে হয় (প্রাথমিক বাসস্থানের পরিবর্তন, ব্যক্তিগত পরিস্থিতি, সহযোগিতায় একটি অপ্রত্যাশিত বাধা বা অন্য কোনও কারণে), তাহলে তাঁদের অবশ্যই অবিলম্বে CRNY-কে জানাতে হবে। শিল্পের একটি ন্যায়সঙ্গত এবং পুনরুত্থানের পথ খুঁজে পেতে সংস্থা এবং শিল্পীদের সঙ্গে কাজ করার মাধ্যমে, CRNY মমত্ববোধের সঙ্গে এই পরিস্থিতিগুলির সম্মুখীন হবে।

## অন্যান্য প্রক্রিয়া

- দক্ষতা এবং যোগাযোগ বৃদ্ধি করার জন্য CRNY, AEP-এর সঙ্গে জড়িত সংস্থা এবং শিল্পীদের সহযোগিতা করবে, যা সরাসরি তাদের প্রয়োজনে কাজে আসবে এবং তারা যে সম্প্রদায়গুলিকে সেবা প্রদান করে তাদের দ্বারা অবহিত করা হবে।
- ন্যায্য উপায়ে শিল্পকে আরও উন্নত করা এবং শিল্পী-নির্দিষ্ট বিষয়ে কথা বলার প্রচেষ্টায় দৃঢ় প্রতিশ্রুতি সহ CRNY আগামী দুই বছরে গবেষণা, সহায়তা এবং দৃষ্টিভঙ্গির পরিবর্তন করার প্রচেষ্টা জারি রাখবে। আর্টিস্ট এমপ্লয়মেন্ট প্রোগ্রামের জন্য নির্বাচিত শিল্পীরা এবং সংস্থাগুলিকে CRNY-এর গবেষণা এবং সহয়তামূলক কাজে অংশগ্রহণ করার বিকল্প প্রদান করা হবে। যারা অংশগ্রহণ করার জন্য নির্বাচন করেন তাঁদের আর্টিস্ট এমপ্লয়মেন্ট প্রোগ্রামের মাধ্যমে প্রাপ্ত তহবিলের উপরে ক্ষতিপূরণ প্রদান করা হবে।

# 11 | তথ্য সুরক্ষা এবং গোপনীয়তা

আবেদনকারীর তথ্যের গোপনীয়তা নিশ্চিত করতে এবং এই ধরনের তথ্যের ক্ষেত্রে অনুমোদনহীন অ্যাক্সেস, নষ্ট করা, ক্ষতি বা পরিবর্তন প্রতিরোধ করার জন্য CRNY যথাযথভাবে পরিকল্পিত নিরাপত্তা ব্যবস্থা স্থাপন করবে ও বজায় রাখবে। সাবমিটাবেল, CRNY-এর আবেদন সংক্রান্ত প্ল্যাটফর্মে বিভিন্ন ধরনের নিরাপত্তা সংক্রান্ত বৈশিষ্ট্য এবং সুসম্মত সার্টিফিকেশনগুলি রয়েছে যা এখানে পাওয়া যাবে: https://www.submittable.com/security/।

আর্টিস্ট এমপ্লয়মেন্ট প্রোগ্রামের আবেদন প্রক্রিয়ার অংশ হিসেবে জমা দেওয়া তথ্যগুলি শুধুমাত্র নির্বাচন প্রক্রিয়ায় সহায়তাকারী রিভিউ প্যানেলিস্ট, এবং CRNY-এর গবেষণা ও সহায়তা সংক্রান্ত কাজের সঙ্গে জড়িত অংশীদারদের সঙ্গে ভাগ করে নেওয়া হবে। আবেদন পদ্ধতির প্রতিক্রিয়াগুলি বিশ্লেষণ করার আগে সেগুলির নাম গোপন করা হবে, এবং অতিরিক্ত সম্মতি না চাওয়া অবধি এবং সুরক্ষিত না হওয়া পর্যন্ত গবেষণা বা সহায়তামূলক কোনও কাজের ফলাফলের মাধ্যমে আবেদনকারীদের ব্যক্তিগতভাবে চিহ্নিত করা যাবে না।

ক্রিয়েটিভস রিবিল্ড নিউ ইয়র্ক ইনিশিয়েটিভ (ডিসেম্বর 2024) শেষ না হওয়া পর্যন্ত আবেদনকারীদের তথ্য রেখে দেওয়া হবে। অতিরিক্ত ডকুমেন্ট অনুরোধের ভিত্তিতে উপলব্ধ রাখা হবে।

# 12 | নিউ ইয়র্ক স্টেট আর্টিস্ট সার্ভে

একটি আবেদন জমা দেওয়ার পরে, আর্টিস্ট এমপ্লয়মেন্ট প্রোগ্রামে আবেদনকারী শিল্পীদের একটি সমীক্ষায় অংশ নেওয়ার জন্য আমন্ত্রণ জানানো হবে, যার মধ্যে ত্রিশটি প্রশ্ন থাকবে, প্রতিটি প্রশ্নেই বিকল্প থাকবে, এগুলি শৈল্পিক কর্মকাণ্ড, আর্থিক পরিস্থিতি, সুস্বাস্থ্য, মহামারীর সময়কালের অভিজ্ঞতা এবং নীতি এবং সহায়তাবিষয়ক মনোভাব সম্পর্কে জিজ্ঞাসা করা হবে।

ক্রিয়েটিভস রিবিল্ড নিউ ইয়র্ক (CRNY) নিউ ইয়র্ক স্টেট জুড়ে শিল্পী, সাংস্কৃতিক ধারক এবং সাংস্কৃতিক নির্মাতাদের চাহিদা, পরিস্থিতি এবং অভিজ্ঞতার একটি সামগ্রিক ছবি তৈরি করতে চায়। আমরা এই সামগ্রিক ছবিটি প্রতিটি শিল্পীর প্রয়োজনে সহায়তামূলক সমর্থন এবং বর্ণনামূলক পরিবর্তনের কাজ পরিচালনা করতে এবং CRNY-এর প্রোগ্রামগুলির মাধ্যমে প্রদত্ত তহবিলগুলি যে কোনও সারগর্ভ বা রূপান্তরমূলক উপায়ে সেই চাহিদাগুলি পূরণ করতে সহায়তা করে কিনা তা মূল্যায়ন করতে ব্যবহার করব।

**এই সমীক্ষাতে আপনার অংশগ্রহণ আপনার** CRNY **অর্থ সাহায্য পাওয়ার সম্ভাবনাকে প্রভাবিত করবে <u>না</u> এবং আবেদনের সমস্ত প্রতিক্রিয়াগুলি কঠোরভাবে গোপনীয় রাখা হবে।** আপনি যদি এই সমীক্ষাটি পূরণ করতে চান, তাহলে আপনার প্রদান করা তথ্য নিউ ইয়র্ক স্টেটের শিল্পীরা আজ কীভাবে জীবনযাপন করছেন, সেই ব্যাপারে একটি জটিল এবং সংক্ষিপ্ত ধারণা প্রদান করার ক্ষেত্রে অবদান রাখবে।

# 13 | আবেদন সম্পর্কিত প্রশ্নগুলি

**পর্যায় 1 আবেদন পদ্ধতি**

## পরিচিতি

আর্টিস্ট এমপ্লয়মেন্ট প্রোগ্রামের উদ্দেশ্যে যৌথ আবেদন করার জন্য স্বাগত জানাই! আপনি যে এখানে রয়েছেন, তার জন্য আমরা খুবই আনন্দিত।

আর্টিস্ট এমপ্লয়মেন্ট প্রোগ্রাম দুই বছরের জন্য, সম্প্রদায়-ভিত্তিক সংস্থাগুলির সঙ্গে সহকারী হিসাবে কাজ করার জন্য শিল্পী, সাংস্কৃতিক ধারক, বা সংস্কৃতি নির্মাতাদের (শিল্পী) কর্মসংস্থান প্রদান করে [501(c)(3) দাতব্য সংস্থা, আর্থিক পৃষ্ঠপোষক যারা 501(c)(3) দাতব্য সংস্থা, অথবা একটি সংস্থা যা রাষ্ট্রীয় আইন দ্বারা তৈরি হয় বা অনুসরণ করে এবং জনসাধারণের উদ্দেশ্যে পরিচালিত হয়]। শিল্পী এবং সংস্থাগুলি তাদের সহযোগী সম্পর্ককে স্পষ্ট করার মাধ্যমে, যৌথভাবে আবেদন করে। আর্টিস্ট এমপ্লয়মেন্ট প্রোগ্রাম সম্পর্কে আরও তথ্যের জন্য, অনুগ্রহ করে www.creativesrebuildny.org/apply/artist-employment-তে নির্দেশিকা এবং প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী দেখুন।

## যেভাবে আবেদন করতে হবে

প্রস্তাবিত সহযোগিতার ক্ষেত্রে অবশ্যই একজন মূল আবেদনকারীকে চিহ্নিত করতে হবে; এই আবেদনকারী হয় একজন শিল্পী বা মূল সহযোগী সংস্থার মধ্যে যে কেউ হতে পারেন। মূল আবেদনকারী সমস্ত সহযোগী শিল্পী এবং সংস্থাগুলি যে তাদের পৃথক আবেদন ফর্মগুলি পূরণ করেছে, তা নিশ্চিত করার জন্য দায়ী থাকবেন। এছাড়াও মূল আবেদনকারী প্রস্তাবিত সহযোগিতার বিষয়ে প্রশ্নগুলির প্রতিক্রিয়াগুলি উল্লেখ করার জন্য দায়ী থাকবেন এবং সমস্ত আবেদনকারী যে পৃথকভাবে এই প্রতিক্রিয়াগুলির পর্যালোচনা করেছেন এবং এতে সম্মত হয়েছেন সেই বিষয়টি অবশ্যই নিশ্চিত করতে হবে ।

আবেদনে প্রতিটি অংশগ্রহণকারী শিল্পী এবং সংস্থার সম্পর্কে প্রাথমিক তথ্য জিজ্ঞাসা করা হয় এবং তারপর প্রস্তাবিত সহযোগিতা সম্পর্কে তিনটি সংক্ষিপ্ত বর্ণনামূলক প্রশ্ন জিজ্ঞাসা করা হয়। আবেদন পদ্ধতির ধাপগুলো নিম্নরূপ:

**ধাপ 1: সমস্ত শিল্পী এবং মূল সংস্থার যোগ্যতা নিশ্চিত করুন**

**ধাপ 2: মূল আবেদনকারী কে?**

**ধাপ 3: শিল্পীদের জন্য প্রশ্ন**

**ধাপ 4: সংস্থার জন্য প্রশ্ন**

**ধাপ 5: শিল্পী এবং সংস্থা উভয়ের জন্য প্রশ্ন: প্রস্তাবিত সহযোগিতা**

**ধাপ 6: জমা দিন!**

CRNY-এর লক্ষ্য হল এই আবেদনটিকে যতটা সম্ভব অ্যাক্সেসযোগ্য এবং সহজ করে তোলা। আপনার যদি কোনো সহায়তার প্রয়োজন হয়, তাহলে অনুগ্রহ করে আমাদের 855-929-3863-তে হেল্প ডেস্কে কল করুন (লাইভ সহায়তা উপলব্ধ থাকে সোমবার-শুক্রবার সকাল 10:00টা থেকে 4:00টা ইস্টার্ন) অথবা ইমেল করুন HelpDesk@creativesrebuildny.org-এ।

## **ধাপ 1: সমস্ত শিল্পী এবং মূল সংস্থার যোগ্যতা সুনিশ্চিত করুন**

- অনুগ্রহ করে নিশ্চিত করুন যে প্রোগ্রামের জন্য আবেদনকারী সমস্ত শিল্পী হলেন:
  - নিউ ইয়র্ক স্টেটের বাসিন্দা
  - 1'লা জানুয়ারী, 2022 অনুযায়ী 18 বছরের বেশি বয়সী
  - একজন শিল্পী, সাংস্কৃতিক ধারক বা সংস্কৃতি নির্মাতা হিসাবে পরিচিত

- অনুগ্রহ করে নিশ্চিত করুন যে, যে মূল সংস্থাটি প্রোগ্রামের জন্য আবেদন করছে:
  - একটি 501(c)(3) পাবলিক দাতব্য, যার মধ্যে আর্থিক পৃষ্ঠপোষক যারা 501(c)(3) পাবলিক দাতব্য সংস্থা, বা একটি সরকারী উপকরণ
  - নিউ ইয়র্ক স্টেটে তাদের প্রধান কার্যালয় অবস্থিত
  - সুস্পষ্টভাবে নিম্নলিখিত সম্প্রদায়গুলির মধ্যে অন্তত একটিকে উপস্থাপিত করে: কৃষ্ণাঙ্গ, স্বদেশী, বিভিন্ন বর্ণের মানুষ, অভিবাসী, LQBTQIAP+ (সমাকামী মহিলা, সমকামী পুরুস, উভকামী, ট্রান্সজেন্ডার, অজানা/প্রশ্নযুক্ত, আন্তঃকামী, অযৌন/কামনাহীন, সর্বকামী+), বধির/অক্ষম, স্বল্প আয়সম্পন্ন, অথবা গ্রামীণ।

- এই আবেদন পদ্ধতির সঙ্গে জড়িত কেউ কি টাইডস বা ক্রিয়েটিভস রিবিল্ড নিউ ইয়র্কের কর্মী সদস্য অথবা কর্মী সদস্যের (যেমন, খুব  কাছের পারিবারিক সদস্য) সঙ্গে সম্পর্কিত? *[একটি নির্বাচন করুন]*
  - হ্যাঁ (অযোগ্য)
  - না (যোগ্য)

- আমরা এই বিষয়ে সচেতন যে আর্টিস্ট এমপ্লয়মেন্ট প্রোগ্রামের জন্য আবেদন করার মাধ্যমে, এই আবেদন পদ্ধতির সমস্ত শিল্পী গ্যারান্টিড ইনকামের জন্য আবেদন করার অনুমতিপ্রাপ্ত **নন**, এবং এটি হল আর্টিস্ট এমপ্লয়মেন্ট প্রোগ্রামের জন্য **একমাত্র** আবেদন পদ্ধতি যা এখানে উল্লেখিত সমস্ত শিল্পী এবং সংস্থা জমা দিচ্ছেন।
  - হ্যাঁ *[এগিয়ে যেতে এই বাক্সটি অবশ্যই চেক করুন]*

## **ধাপ 2: মূল আবেদনকারী কে?**

আপনি (মূল আবেদনকারী) একজন শিল্পী অথবা একটি সংস্থা হিসাবে আবেদন করছেন?

- শিল্পী
- সংস্থা

## **ধাপ 3: শিল্পীদের জন্য প্রশ্ন**

এই সহযোগিতায় অংশগ্রহণকারী প্রত্যেক শিল্পীর জন্য নিম্নলিখিত তথ্যের প্রয়োজন হবে।

### মৌলিক তথ্য

- আইনগত পদবি
- আইনগত প্রথম নাম
- সর্বজনীন/পছন্দের/সত্য নাম
- ইমেল
- ফোন নম্বর
- উচ্চারণ

## ভৌগলিক তথ্য

- রাস্তার ঠিকানা বা চৌরাস্তা
- শহর
- পোস্টাল কোড
- কাউন্টি *[উল্লেখ্য যে নিউইয়র্ক সিটি পাঁচটি বরো নিয়ে গঠিত এবং প্রতিটি বরো নিউইয়র্ক স্টেটের একটি ভিন্ন কাউন্টি। ব্রুকলিন হল কিংস কাউন্টি, ব্রঙ্কস হল ব্রঙ্কস কাউন্টি, ম্যানহাটন হল নিউ ইয়র্ক কাউন্টি, স্টেটেন আইল্যান্ড হল রিচমন্ড কাউন্টি এবং কুইন্স হল কুইন্স কাউন্টি।]*
- অঞ্চল *[একটি নির্বাচন করুন]*
    - রাজধানী অঞ্চল
    - সেন্ট্রাল নিউ ইয়র্ক
    - ফিঙ্গার লেক
    - লং আইল্যান্ড
    - মিড-হাডসন
    - মোহক ভ্যালি
    - নিউ ইয়র্ক সিটি
    - নর্থ কান্ট্রি
    - সাদার্ন টায়ার
    - ওয়েস্টার্ন নিউ ইয়র্ক
- আপনি যে কমিউনিটিতে বাস করেন তাকে আপনি কীভাবে বর্ণনা করবেন? *[একটি নির্বাচন করুন]*
    - শহরাঞ্চল
    - শহরতলি
    - গ্রামাঞ্চল
    - উপজাতি

## শৈল্পিক কর্মকাণ্ড

*CRNY-এর লক্ষ্য হল শৈল্পিক বিষয়গুলি এবং কর্মশৈলীর বিস্তৃত ক্ষেত্রে সহায়তার ভারসাম্য বজায় রাখা।*

- শিল্পী, সাংস্কৃতিক ধারক, বা সংস্কৃতি নির্মাতা হিসাবে অনুগ্রহ করে আপনার কর্মপদ্ধতিকে সর্বোত্তমভাবে প্রতিফলিত করে এমন তিনটি শাখাকে গুরুত্ব অনুযায়ী উল্লেখ করুন: *[প্রত্যেকটির বিস্তারিত বিবরণ প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নপত্রে পাওয়া যাবে।]*
    - কারুশিল্প
    - নৃত্য
    - ডিজাইন
    - ফিল্ম
    - সাহিত্য শিল্প
    - যোগাযোগ মাধ্যম সম্পর্কিত শিল্প
    - সঙ্গীত
    - মৌখিক ঐতিহ্য
    - সামাজিক অনুশীলন
    - থিয়েটার

- শিল্পকলা
  - ঐতিহ্যগত শিল্পকলা
  - দৃশ্যকলা
  - আন্তঃসাংস্কৃতিক শিল্প

- একজন শিল্পী, সাংস্কৃতিক ধারক বা সংস্কৃতি নির্মাতা হিসেবে আপনি কীভাবে আপনার শিল্পকর্মকে এগিয়ে নিয়ে যাবেন? প্রযোজ্য সবকটি নির্বাচন করুন:
  - আমি একক শিল্পী হিসেবে কাজ করি।
  - আমি অন্যান্য শিল্পীদের সঙ্গে নিয়মিত যৌথভাবে কাজ করি।
  - আমি অন্যান্য অ-শিল্পীদের সঙ্গে নিয়মিত সহযোগিতা করি।
  - আমার শিল্পকর্মটিকে অর্থপূর্ণ করে তোলার জন্য জনসাধারণের বা সম্প্রদায়ের ভূমিকা থাকা প্রয়োজন।
  - শ্রোতা বা দর্শকদের কাছে আমার শিল্পকর্ম সম্পন্ন করার পদ্ধতি, উপস্থাপনা বা প্রদর্শন করা হল মূল বিষয়।
  - অন্যদের শেখানো বা শিক্ষিত করে তোলা হল আমার শিল্পকর্মের মূল বিষয়।
- একজন শিল্পী, সাংস্কৃতিক ধারক, বা সংস্কৃতি নির্মাতা হিসাবে আপনার শিল্পকর্মটির বর্ণনা করুন, আপনি একজন শিল্পী হিসাবে কতদিন ধরে শিল্পকর্মের সঙ্গে জড়িত রয়েছেন। *[100 শব্দ]*
- এমন একটি সাম্প্রতিক প্রকল্প বা পারফরম্যান্সের বর্ণনা করুন যা নিয়ে আপনি গর্বিত (সম্ভব হলে একটি লিঙ্ক শেয়ার করুন)। *[100 শব্দ]*

## জনসংখ্যা-বিষয়ক তথ্য

*CRNY ঐতিহাসিকভাবে প্রান্তিক সম্প্রদায়ভিত্তিক শিল্পী এবং সংস্থাগুলিকে সমর্থন করার চেষ্টা করে-একইসঙ্গে সেই সকল শিল্পী যারা কর্মসংস্থানের ক্ষেত্রে পদ্ধতিগত বাধার সম্মুখীন হন। আমরা জনসংখ্যাভিত্তিক তথ্যের সংবেদনশীল প্রকৃতি এবং কীভাবে এটি বিভিন্ন বর্ণের সম্প্রদায় এবং অন্যান্য নিপীড়িত জনগোষ্ঠীর ক্ষতি করার জন্য ঐতিহাসিকভাবে ব্যবহার করা হয়েছে তাকে স্বীকার করি। নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের জন্য, আপনার কাছে অনুরোধ করা তথ্য প্রদান করতে পারেন অথবা আপনি নির্দেশ করতে পারেন যে আপনি সেই নির্দিষ্ট বিষয়টির জন্য কোনোরকম প্রতিক্রিয়া না করা নির্বাচন করেছেন। আপনার অংশগ্রহণ এবং প্রতিক্রিয়া কঠোরভাবে গোপনীয় হিসাবে বিবেচিত হবে। আবেদন প্রক্রিয়া জুড়ে আপনার গোপনীয়তা বজায় রাখার জন্য, এই প্রশ্নগুলির উত্তরগুলি জমা দেওয়ার পরে তা অন্য আবেদনকারীদের বা পর্যালোচকদের কাছে দৃশ্যমান হবে না।*

- অনুগ্রহ করে আপনার জন্ম তারিখ প্রদান করুন। *[অবশ্যই মামা/দিদি/ববববব অনুসারে হতে হবে।]*
- নিম্নলিখিত কোনটি আপনাকে সঠিকভাবে বর্ণনা করে? প্রযোজ্যগুলি নির্বাচন করুন:
  - আরব বা মধ্যপ্রাচ্য
  - এশিয়ান
  - কৃষ্ণাঙ্গ বা আফ্রিকান আমেরিকান
  - হিস্পানিক বা ল্যাটিনক্স
  - স্বদেশী আমেরিকান, ফার্স্ট নেশন বা আলাস্কার বাসিন্দা
  - প্রশান্ত মহাসাগরীয় দ্বীপের অধিবাসী অথবা হাওয়াই দ্বীপপুঞ্জের অধিবাসী
  - শ্বেতাঙ্গ
  - অন্যান্য - অনুগ্রহ করে নির্দিষ্ট করুন

- আমি উত্তর দিতে চাই না

- আপনি মার্কিন অভিবাসী হিসাবে চিহ্নিত? *[একটি নির্বাচন করুন]*
    - হ্যাঁ
    - না
    - আমি উত্তর দিতে চাই না

- আপনার প্রাথমিকভাবে কোন ভাষায় কথা বলেন? *[একটি নির্বাচন করুন]*
    - ইংরেজি
    - স্প্যানিশ
    - ম্যান্ডারিন বা ক্যান্টোনিজ
    - রাশিয়ান
    - ইয়েদিশ
    - বাংলা
    - কোরিয়ান
    - হাইতীয় ক্রেওল
    - ইতালিয়ান
    - আরবি
    - পোলিশ
    - অন্যান্য - অনুগ্রহ করে নির্দিষ্ট করুন
    - আমি উত্তর দিতে চাই না

- আপনার লিঙ্গ সংক্রান্ত পরিচিতি কি? প্রযোজ্যগুলি নির্বাচন করুন:
    - পুরুষ
    - নারী
    - তৃতীয় লিঙ্গ
    - টু-স্পিরিট
    - অন্যান্য: অনুগ্রহ করে নির্দিষ্ট করুন
    - আমি উত্তর দিতে চাই না

- আপনি কি নিজেক ট্র্যান্সজেন্ডার হিসাবে পরিচয় প্রদান করেন? *[একটি নির্বাচন করুন]*
    - হ্যাঁ
    - না
    - আমি উত্তর দিতে চাই না

- আপনি কি নিজেকে LGBTQIAP+ (সমাকামী মহিলা, সমকামী পুরুস, উভকামী, ট্রান্সজেন্ডার, অজানা/প্রশ্নযুক্ত, আন্তঃকামী, অযৌন/কামনাহীন, সর্বকামী) হিসেবে পরিচিতি প্রদান করেন? *[একটি নির্বাচন করুন]*
    - হ্যাঁ
    - না
    - আমি উত্তর দিতে চাই না

- আপনি কি নিজেকে বধির বা প্রতিবন্ধী হিসাবে চিহ্নিত করেন? *[একটি নির্বাচন করুন]*
    - হ্যাঁ
    - না

- আমি উত্তর দিতে চাই না

- আপনি অতীতে কি কোনো ফৌজদারি আইনি ব্যাপারে জড়িত ছিলেন? *[একটি নির্বাচন করুন]*
  - হ্যাঁ
  - না
  - আমি উত্তর দিতে চাই না

  - যদি হ্যাঁ হয়: তাহলে অতীতে আপনার ফৌজদারি আইনি ব্যাপারে জড়িত থাকা কি আপনার চাকরি খোঁজার বিষয়টিকে প্রভাবিত করেছে? [একটি নির্বাচন করুন]
    - হ্যাঁ
    - না
    - আমি উত্তর দিতে চাই না
- নিম্নলিখিত কোনো ব্যক্তিকে—আপনি কি নিয়মিত শুশ্রূষা প্রদান করেন—হয় আপনি একা অথবা অন্য কারো সাথে মিলিতভাবে?প্রযোজ্যগুলি নির্বাচন করুন:
  - হ্যাঁ, একটি শিশু বা শিশুদের
  - হ্যাঁ, একজন স্ত্রী বা সঙ্গী যিনি বয়স্ক, অসুস্থ অথবা অক্ষম।
  - হ্যাঁ, একজন প্রাপ্তবয়স্ক/একাধিক প্রাপ্তবয়স্ক/বয়স্ক, অসুস্থ বা অক্ষম
  - না
  - আমি উত্তর দিতে চাই না

## **ধাপ** 4: **সংস্থার জন্য প্রশ্ন**

সহযোগিতায় অংশগ্রহণকারী প্রতিটি সংস্থার নিম্নলিখিত তথ্যের প্রয়োজন হবে।

### মৌলিক তথ্য

- সংস্থার নাম
- সংস্থার ওয়েবসাইট এবং/অথবা ফেসবুক পেজ [প্রয়োজনীয় নয়]
- মূল যোগাযোগকারীর পদবী
- মূল যোগাযোগকারীর নাম
- মূল যোগাযোগকারীর বাসস্থান/শিরোনাম
- মূল যোগাযোগকারীর ইমেল
- মূল যোগাযোগকারীর ফোন নম্বর

### ভৌগলিক তথ্য

- রাস্তার ঠিকানা
- শহর
- পোস্টাল কোড
- কাউন্টি
- অঞ্চল *[একটি নির্বাচন করুন]*

- রাজধানী অঞ্চল
- সেন্ট্রাল নিউ ইয়র্ক
- ফিঙ্গার লেক
- লং আইল্যান্ড
- মিড-হাডসন
- মোহক ভ্যালি
- নিউ ইয়র্ক সিটি
- নর্থ কান্ট্রি
- সাদার্ন টায়ার
- ওয়েস্টার্ন নিউ ইয়র্ক

- যে কমিউনিটিতে আপনার সংস্থা কাজ করে আপনি তাকে কীভাবে বর্ণনা করবেন? *[একটি নির্বাচন করুন]*
  - শহরাঞ্চল
  - শহরতলি
  - গ্রামাঞ্চল
  - উপজাতি

- আপনার পরিষেবা বা প্রোগ্রামগুলি কতটা ব্যাপকভাবে কাজ করে? প্রযোজ্য সবকটি নির্বাচন করুন:
  - স্থানীয় - লোকালয়
  - স্থানীয় - শহর, শহরতলি বা উপজাতি-অধ্যুষিত
  - আঞ্চলিক
  - রাজ্যব্যাপী
  - জাতীয়

## উদ্দেশ্য এবং অভিজ্ঞতা

- আপনার সংস্থার উদ্দেশ্য কি? *[100 শব্দ]*

- আপনি কিভাবে আপনার সম্প্রদায়কে পরিষেবা প্রদান করেন? *[100 শব্দ]*

- আপনি কি শিল্পীদের সঙ্গে একসাথে কাজ করেন অথবা অতীতে কি করেছেন? *[একটি নির্বাচন করুন]*
  - হ্যাঁ
  - না

  - যদি হ্যাঁ হয়, তাহলে: আপনি কতদিন ধরে শিল্পীদের সঙ্গে একসাথে কাজ করেছেন? *[একটি নির্বাচন করুন]*
    - আমরা শিল্পীদের সঙ্গে একসাথে কাজ করার ব্যাপারে তুলনামূলকভাবে নতুন (3 বছরের কম)
    - আমরা শিল্পীদের সঙ্গে একসাথে কাজ করার ব্যাপারে তুলনামূলকভাবে অভিজ্ঞ (3 বছরেরও বেশি)
    - আমাদের সংস্থা শুরু হওয়ার থেকেই আমরা শিল্পীদের নিয়ে কাজ করেছি
    - আমরা অতীতে শিল্পীদের সঙ্গে একসাথে কাজ করেছি কিন্তু বর্তমানে তাদের সঙ্গে কাজ করছি না

  - যদি হ্যাঁ হয়, তাহলে: আপনার সংস্থা কত সংখ্যক শিল্পীর কাজ করেছে? প্রযোজ্যগুলি নির্বাচন করুন:
    - কর্মচারী হিসেবে
    - স্বাধীন চুক্তিকারী হিসাবে

        ▪ স্বেচ্ছাসেবক হিসাবে
        ▪ অন্যান্য: অনুগ্রহ করে বর্ণনা করুন

    - যদি হ্যাঁ হয়, তাহলে: অনুগ্রহ করে শিল্পীদের সঙ্গে সহযোগিতা করার একটি উদাহরণ প্রদান করুন যা নিয়ে আপনি গর্বিত; একটি লিঙ্ক প্রদান করুন যদি উপলব্ধ থাকে। *[100 শব্দ]*

    - যদি না হয়, তাহলে: এমন যদি কোনো নির্দিষ্ট বাধা বা চ্যালেঞ্জ থাকে যা আপনি মনে করেন যে অতীতে শিল্পীদের সঙ্গে একসাথে কাজ করা, নিয়োগ করা বা সহযোগিতা করার ব্যাপারে আপনাকে বাধা দিয়েছে (জ্ঞান, অর্থ প্রদান, সময়, অন্যান্য অগ্রাধিকার ইত্যাদি), সেই বিষয়ে অনুগ্রহ করে আমাদের জানান। *[100 শব্দ]*

    - যদি না হয়, তাহলে: অনুগ্রহ করে বর্তমানে একসাথে শিল্পীদের সঙ্গে কাজ করার জন্য আপনার অনুপ্রেরণা এবং এই সহযোগিতায় আপনি কীভাবে শিল্পীদের সমর্থন এবং কেন্দ্রীভূত করার পরিকল্পনা করছেন তা বর্ণনা করুন। *[100 শব্দ]*

## সংস্থার পরিচয়

- নিম্নলিখিত কোন সম্প্রদায়ের জন্য আপনার সংস্থা ব্যাপকভাবে পরিষেবা প্রদান করে? *প্রযোজ্যগুলি নির্বাচন করুন:*
    - কৃশাঙ্গ
    - স্বদেশী
    - বিভিন্ন বর্ণের মানুষ
    - অভিবাসী
    - LGBTQIAP+ (সমাকামী মহিলা, সমকামী পুরুস, উভকামী, ট্রান্সজেন্ডার, অজানা/প্রশ্নযুক্ত, আন্তঃকামী, অযৌন/কামনাহীন, সর্বকামী+)
    - বধির/অক্ষম
    - স্বল্প-আয়সম্পন্ন
    - গ্রামীণ

- আপনার সংস্থার নেতৃত্বে যে সম্প্রদায়কে পরিষেবা প্রদান করা হয়  তার স্বতন্ত্র্য কোনও পরিচিতি কি প্রতিফলিত হয়? *[একটি নির্বাচন করুন]*
    - হ্যাঁ
    - না
    - আমি উত্তর দিতে চাই না

- আপনি কি আপনার সংস্থাকে একটি শিল্প এবং/অথবা সাংস্কৃতিক সংস্থা হিসাবে বর্ণনা করতে চান? *[একটি নির্বাচন করুন]*
    - হ্যাঁ
    - না
    - আমি নিশ্চিত নই

## সংস্থার অর্থ

- আপনার মোট বার্ষিক সংস্থাগত বাজেট কিসের জন্য:
    - 2019: *[সংক্ষিপ্ত সংখ্যাসূচক উত্তর, অর্থ বিন্যাস]*
    - 2020: *[সংক্ষিপ্ত সংখ্যাসূচক উত্তর, অর্থ বিন্যাস]*
    - 2021: *[সংক্ষিপ্ত সংখ্যাসূচক উত্তর, অর্থ বিন্যাস]*

    - 2022: *[সংক্ষিপ্ত সংখ্যাসূচক উত্তর, অর্থ বিন্যাস]*

- গত চার বছরে আপনার গড় বাজেট কি $750,000-এর নিচে বা তার সমান ছিল? *[একটি নির্বাচন করুন]*
    - হ্যাঁ
    - না

- মার্চ, 2020 থেকে ফেব্রুয়ারী, 2022-এর মধ্যে যে কোনও সময়ে আপনার সংস্থা কি মহামারী সংক্রান্ত জরুরী আর্থিক সহায়তা লাভ করেছে? *[একটি নির্বাচন করুন]*
    - হ্যাঁ
    - না

    - যদি হ্যাঁ হয়, তাহলে: নিচে উল্লেখিতগুলির মধ্যে আপনি  কোনটি লাভ করেছেন? প্রযোজ্য সবকটি নির্বাচন করুন:
        - ফেডারেল সরকারের তরফে জরুরী/ত্রাণ তহবিল (যেমন, পেচেক প্রোটেকশন প্রোগ্রাম, এমপ্লয়ি রিটেনশন ক্রেডিট ইত্যাদির মতো আমেরিকান রেসকিউ প্ল্যান অর্থ সাহায্য )
        - নিউ ইয়র্ক স্টেট সরকারের তরফে জরুরি/ত্রাণ তহবিল
        - জনসেবামূলক সংস্থার তরফে জরুরী/ত্রাণ অনুদান
        - অন্যান্য: অনুগ্রহ করে বর্ণনা করুন

- ঐচ্ছিক: COVID-19 মহামারীর ফলে আপনি যদি কোনো অসুবিধার সম্মুখীন হয়ে থাকেন, তাহলে অনুগ্রহ করে বর্ণনা করুন। *[100 শব্দ]*

- আপনি শিল্পীদের জন্য কর্মসংস্থান বজায় রাখতে সক্ষম? (CRNY বেতনের জন্য অর্থ প্রদান করবে।) *[একটি নির্বাচন করুন]*
    - হ্যাঁ
    - না

- বর্তমান কর্মীদের জন্য আপনার কি একটি বিদ্যমান সুবিধাজনক প্যাকেজ উপলব্ধ রয়েছে? *[একটি নির্বাচন করুন]*
    - হ্যাঁ
    - না

    - যদি হ্যাঁ হয়, তাহলে এটি কি নিম্নে উল্লেখিতগুলিকে অন্তর্ভুক্ত করে? প্রযোজ্যগুলি নির্বাচন করুন:
        - স্বাস্থ্য পরিষেবা
        - দাঁতের চিকিৎসা
        - চোখের চিকিৎসা
        - অন্যান্য (অনুগ্রহ করে নির্দিষ্ট করুন):

## ধাপ 5: **শিল্পী এবং সংস্থা উভয়ের জন্য প্রশ্ন: প্রস্তাবিত সহ□াগিতা**

এইসব প্রশ্নগুলি শিল্পী ও সংগঠন *একসঙ্গে* দুই ক্ষেত্রের জন্য অনুগ্রহ করে নিশ্চিত করুন যে  আবেদনের শীর্ষে উল্লেখ করা ব্যক্তিদের প্রত্যেকের দ্বারা এই উত্তরগুলি পর্যালোচনা করা হয়েছে।

- পরস্পরের সঙ্গে আপনার সম্পর্কের ধরন সম্পর্কে বলুন? আপনারা কতদিন ধরে একে অপরকে চেনেন? এই সম্পর্কের ক্ষেত্রে আপনি কোন ধরণের দক্ষতা, অভিজ্ঞতা অথবা ক্ষমতা প্রয়োগ করার কথা ভাবছেন? আপনার সহযোগী আপনাকে কি ধরণের সুবিধা প্রদান করবেন বলে আপনি আশা করেন? *[400 শব্দ সর্বোচ্চ; সংক্ষিপ্ত উত্তর অগ্রগণ্য]*

- অনুগ্রহ করে আপনার প্রস্তাবিত সহযোগিতা(গুলি) বর্ণনা করুন: আপনি আগামী দুই বছরে একসাথে কোন কাজটি সম্পন্ন করার পরিকল্পনা করছেন এবং এটি কীভাবে আপনার কমিউনিটিকে সহায়তা প্রদান করবে? *[400 শব্দ; সংক্ষিপ্ত উত্তর অগ্রগণ্য]*
- অনুগ্রহ করে বর্ণনা করুন যে আপনি আগামী দুই বছরে কী করতে চান এবং কীভাবে আপনি জানবেন যে আপনার একসাথে করা কাজগুলি সফল হয়েছে কিনা। এটি কমিউনিটি, আপনার সংস্থা, আপনার শিল্পকর্ম(গুলি) ইত্যাদির উপর কী ধরণের প্রভাব ফেলবে। *[400টি শব্দ; সংক্ষিপ্ত উত্তর অগ্রগণ্য]*

## **ধাপ 6: জমা দিন!**

# 14 | প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্ন

## ে□াগ্যতা

### একজন শিল্পী, সংস্কৃতি ধারক অথবা সংস্কৃতি নির্মাতা কে হন?

একজন শিল্পী, সংস্কৃতি বাহক, বা সংস্কৃতি নির্মাতা ('শিল্পী') হলেন এমন একজন ব্যক্তি যিনি নিয়মিতভাবে শৈল্পিক বা সাংস্কৃতিক কর্মের সঙ্গে নিযুক্ত থাকেন: যিনি অন্যদের সঙ্গে সম্যকভাবে যোগাযোগ বা সুসম্পর্ক তৈরি করার উদ্দেশ্যে নিজেকে প্রকাশ করে থাকেন; ঐতিহ্যপূর্ণ জ্ঞান এবং সাংস্কৃতিক কাজে অগ্রসর ভূমিকা পালন করেন; তাঁর কমিউনিটিকে সাংস্কৃতিক সম্পদের দ্বারা পূর্ণ করে তোলেন; এবং/অথবা সামাজিক প্রভাবের কথা স্মরণে রেখে কমিউনিটির মধ্যে অন্যদের সঙ্গে যুগ্মভাবে এবং অন্যদের সঙ্গে সৌহার্দ্য সৃষ্টি করেন। শিল্পীরা তাঁদের শিল্পকর্মের মাধ্যমে নিজেদের টিকিয়ে রাখতে এবং তাঁদের এই কাজকে চালিয়ে যাওয়ার জন্য প্রতিশ্রুতিবদ্ধ। শিল্পীরা পৃথকভাবে এবং যুগ্মভাবে, অথবা তাঁদের কর্মক্ষেত্রের মধ্যে শিক্ষাবিদ হিসাবে কাজ করতে পারেন।

### CRNY-এর সংজ্ঞা অনু□ায়ী শৈল্পিক বা সাংস্কৃতিক শিল্পকর্মের ক্ষেত্রে কোন বিষয়গুলিকে অন্তর্ভুক্ত করা হয়েছে?

এই শৈল্পিক এবং সাংস্কৃতিক শিল্পকর্মগুলি অন্তর্ভুক্ত রয়েছে, কিন্তু তা সীমাবদ্ধ নয়:

- **কারুশিল্প**
  *সেরামিক, কাঁচ, গয়না, ধাতব কাজ এবং টেক্সটাইল - ফাইবার, বুনন এবং কুইল্টিং-এর কাজ করা শিল্পীদের অন্তর্ভুক্ত করা হয়*
- **নৃত্যকলা**
  *ব্যালে, জ্যাজ, ট্যাপ, হিপ হপ, অ্যারিয়াল এবং আধুনিক নাচের মতো বিভিন্ন ঘরানায় কাজ করা নৃত্যশিল্পী, কোরিওগ্রাফার এবং প্রযোজকদের অন্তর্ভুক্ত করা হয়*
- **ডিজাইন**
  *ফ্যাশন, গ্রাফিক, অবজেক্ট এবং ইন্ডাস্ট্রিয়াল ডিজাইনের ক্ষেত্রে কাজ করা ডিজাইনারদের অন্তর্ভুক্ত করা হয়*
- **ফিল্ম**
  *শিল্পী, অভিনেতা, পরিচালক, সৃজনশীল প্রযোজক এবং অ্যানিমেশন, ফিকশন, ডকুমেন্টারি, এপিসোড-ভিত্তিক, পরীক্ষামূলক এবং বর্ণনামুলকের মতো বিভিন্ন ঘরানায় কাজ করা অন্যান্যদের অন্তর্ভুক্ত করা হয়*
- **সাহিত্য শিল্প**
  *উপন্যাস, প্রকৃত তথ্যভিত্তিক সাহিত্য, ছোট গল্প লেখা, স্মৃতিকথা, চিত্রনাট্য, কবিতা, কমেডি, শিশুসাহিত্য এবং গ্রাফিক নভেলের মতো ঘরানায় কাজ করা লেখকদের অন্তর্ভুক্ত করা হয়*
- **ে□াগাে□াগ মাধ্যম সম্পর্কিত শিল্প**
  *প্রযুক্তি, নান্দনিকতা, গল্প বলা এবং ডিজিটাল সংস্কৃতির অন্তর্গত কাজ করা শিল্পী, সংস্কৃতি ধারক এবং সংস্কৃতি নির্মাতাদের অন্তর্ভুক্ত করা হয়*
- **সঙ্গীত**
  *গায়ক, সুরকার, সঙ্গীত স্রষ্টা, প্রযোজক (যারা রেকর্ডিংয়ের শব্দ এবং অনুভূতি তৈরি করেন), ডিজে (নতুনভাবে সৃষ্ট কাজ) এবং হিপ হপ, জ্যাজ, রক, পপ, কান্ট্রি, এবং শাস্ত্রীয় সঙ্গীতের মতো বিভিন্ন ঘরানায় কাজ করা লাইভ সাউন্ড ডিজাইনারদের অন্তর্ভুক্ত করা হয়।*
- **মৌখিক ঐতিহ্য**

*সেই সকল শিল্পী, সংস্কৃতি ধারক এবং সংস্কৃতি নির্মাতাদের অন্তর্ভুক্ত করা হয় যাদের জ্ঞান, শিল্প, ধারণা এবং প্রাচীন সাংস্কৃতিক বিষয়, যা কথা অথবা গানের মাধ্যমে এক প্রজন্ম থেকে অন্য প্রজন্মে প্রাপ্ত, সংরক্ষিত এবং প্রেরণ করা হয়েছে; এছাড়াও লোককাহিনী, গীতিনাট্য, গান, গদ্য বা পদ্য এবং গল্প বলা অন্তর্ভুক্ত থাকতে পারে*

- **সামাজিক কাজকর্ম**
  *সামাজিক এবং মানুষের সঙ্গে সম্পর্কিত শিল্পী, সংস্কৃতি ধারক এবং সংস্কৃতি নির্মাতাদের অন্তর্ভুক্ত করা হয়। যাদের শিল্পকর্মে বিতর্ক, সহযোগিতা বা সামাজিকভাবে যোগাযোগ গড়ে তুলতে মানুষ এবং মানব সম্প্রদায় জড়িত থাকে এবং কাজ যেখানে শিল্পীরা কমিউনিটির উন্নয়নের জন্য কমিউনিটিগুলির সঙ্গে সহযোগী হিসাবে কাজ করেন*

- **থিয়েটার**
  *পরীক্ষামূলক, লাইভ অ্যাকশন, পুতুল নাচ, অপেরা এবং মিউজিক্যাল থিয়েটারের মতো বিভিন্ন ঘরানার অভিনেতা ও অভিনেত্রী, পরিচালক, নাট্যকার, পোশাক ডিজাইনার, স্টেজ ডিজাইনার এবং লাইটিং ডিজাইনারদের অন্তর্ভুক্ত করা হয়*

- **শিল্পকলা**
  *সেই সকল শিল্পী, সংস্কৃতি ধারক এবং সংস্কৃতি নির্মাতাদের অন্তর্ভুক্ত করা হয় যাদের কাজগুলি শিল্পী বা অন্যান্য অংশগ্রহণকারীদের দ্বারা সঞ্চালিত শিল্পকর্মের মাধ্যমে তৈরি হয়, যা লাইভ বা রেকর্ড করা, স্বাধীন ইচ্ছামূলক বা স্ক্রিপ্টের ওপর ভিত্তি করে, কৌশলগত এবং নির্দিষ্ট জায়গায় শিল্পকর্ম সঞ্চালনা করা হতে পারে*

- **ঐতিহ্যগত শিল্পকলা**
  *শিল্পী, সংস্কৃতি ধারক এবং সংস্কৃতি নির্মাতাদের অন্তর্ভুক্ত করা হয়, যাদের কাজের মাধ্যমে নির্দিষ্ট একটি কমিউনিটির ঐতিহ্য এবং/অথবা সাংস্কৃতিক ঐতিহ্যের প্রতিফলন ঘটে এবং যা প্রজন্মের পর প্রজন্ম প্রবাহিত হতে থাকে, যেমন লোকনৃত্য, লোকসঙ্গীত, ঐতিহ্যবাহী কারুশিল্প এবং খাদ্যাভ্যাস*

- **দৃশ্যকলা**
  *এমন ধরণের শিল্পী, সংস্কৃতি ধারক এবং সংস্কৃতি নির্মাতাদের অন্তর্ভুক্ত করা হয়, যাদের শিল্পকর্মের মধ্যে স্থাপত্য, চিত্র অঙ্কন, চিত্রকলা, অঙ্কন, কোলাজ, প্রিন্টমেকিং, ফটোগ্রাফি, ভাস্কর্য, ভিডিও শিল্প বা সাধারণ মানুষের স্বার্থে নির্মিত শিল্প উপস্থিত থাকে*

- **আন্তঃসাংস্কৃতিক শিল্প**
  *সেই সকল শিল্পী, সংস্কৃতি ধারক, এবং সংস্কৃতি নির্মাতাদের অন্তর্ভুক্ত করা হয় যারা একাধিক শৈল্পিক বিষয়কে ব্যবহার করার মাধ্যমে একটি আন্তঃবিভাগীয় পদ্ধতি ব্যবহার করে থাকেন*

### আর্টিস্ট এমপ্লয়মেন্ট প্রোগ্রামের ক্ষেত্রে কাদের শিল্পী হিসেবে বিবেচনা করা হয় না?

যদিও আমরা বুঝতে পারি যে শৈল্পিক এবং সাংস্কৃতিক শিল্পকর্মগুলি বিস্তৃতভাবে সংজ্ঞায়িত করা হয়েছে, তবুও আমরা এমন ব্যক্তিদের আবেদন গ্রাহ্য করা বিবেচনা করতে পারি না যাদের শিল্পকর্মের সঙ্গে মূল সংযোগ শিল্পকলা সম্পর্কিত প্রশাসন অথবা বাণিজ্যিক ব্যবসায়ী বা বিক্রেতা হিসাবে এই ক্ষেত্রগুলিতে কাজ করার মাধ্যমে গড়ে ওঠে, তবে এগুলিতেই সীমাবদ্ধ নয়, যেমন:

- বেকিং এবং রন্ধনশিল্প,
- প্রসাধনবিদ্যা,
- স্থাপত্য, অন্দরসজ্জা, প্রাকৃতিক নকশা,
- রেডিও-রেডিওতে কাজ করা ব্যক্তি এবং ডিজে,
- অনুষ্ঠান পরিকল্পনা এবং পরিচালনা, এবং
- সুস্থতা এবং ফিটনেস।

### একটি কমিউনিটি ভিত্তিক সংস্থার অর্থ কি?

কমিউনিটি ভিত্তিক সংগঠনগুলি হল অলাভজনক সংস্থা, সরকারী সংস্থা, বা আর্থিক অনুদানে গড়ে ওঠা সংস্থা হয়ে থাকে, যেগুলি তাদের কমিউনিটির অধিবাসীদের জীবন উন্নত করতে স্থানীয় পর্যায়ে কাজ করে। CRNY তহবিল লাভ করতে, সংস্থাগুলিকে অবশ্যই 501(c)(3) দাতব্য সংস্থা বা একটি সংস্থা যা রাষ্ট্রীয় আইন দ্বারা তৈরি বা রাষ্ট্রকে অনুসরণ করে এবং জনসাধারণের উদ্দেশ্যে পরিচালিত হয়, এমন প্রতিষ্ঠান হতে হবে, অথবা তাদের অবশ্যই একটি আর্থিক পৃষ্ঠপোষক থাকতে হবে যা একটি 501(c)(3) দাতব্য সংস্থা।

কমিউনিটি-ভিত্তিক সংস্থাগুলি ন্যায়সম্পন্ন এবং শক্তিশালী কমিউনিটি গড়ে তোলার উদ্দেশ্যে শিল্প ও সাংস্কৃতিক ক্ষেত্রে অথবা অন্য কমিউনিটির উন্নয়নশীল ক্ষেত্রগুলিতে (স্বাস্থ্য, শিক্ষা, পরিবেশ, ইত্যাদি) তাদের উদ্দেশ্য বা কাজ চরিতার্থ করতে পারে।

### উপজাতীয় এবং স্থানীয় একটি সংস্থা □া রাজ্যের আইন দ্বারা তৈরি বা রাজ্যকে অনুসরণ করে থাকে এবং জনসাধারণের উদ্দেশ্যে পরিচালিত হয়, তারা কি আবেদন জমা দেওয়ার ে□াগ্য?

হ্যাঁ! শিল্পীদের সঙ্গে জোটবদ্ধ হয়ে সমস্ত স্থানীয়, আঞ্চলিক, উপজাতীয় এবং রাজ্য-শাসিত প্রতিষ্ঠানগুলি আবেদন জমা দেওয়ার যোগ্য হন।

## সংস্থাগুলির জন্য

### আমি একটি ছোট, স্বেচ্ছাসেবক দ্বারা পরিচালিত সংস্থা ে□টির W2 কর্মসংস্থান বা কোনওরকম সুবিধা প্রদান করতে পারে না। আমি কি এখনও আবেদন করতে পারি?

হ্যাঁ। যে সকল শিল্পীরা তাঁদের সহযোগী সংস্থার দ্বারা সরাসরি নিযুক্ত হতে পারেন না, তাঁরা এমন একটি মধ্যস্থতাকারী সংস্থার মাধ্যমে তাঁদের বেতন এবং সুবিধাগুলি লাভ করতে পারেন যা CRNY দ্বারা স্বীকৃত।

### সংস্থার আকার বা সংস্থাটিকে এই উদ্দেশ্যে অন্তর্ভুক্ত করার সময়ের ক্ষেত্রে কোনও সীমাবদ্ধতা রয়েছে কি?

না, কাজ সম্পর্কিত ন্যূনতম বা সর্বাধিক কোনও বাজেটের পরিমাণ নেই। অন্তর্ভুক্তকরণের পর থেকে AEP-এর কাজ করার ক্ষেত্রে ন্যূনতম কোনও সময়ের প্রয়োজন হয় না।

### আমি কোনও শিল্প ও সাংস্কৃতিক সংস্থা নই। আমি কি আবেদন করতে পারি?

হ্যাঁ। সকল 501(c)(3) দাতব্য সংস্থা, আর্থিক পৃষ্ঠপোষক সহ যারা 501(c)(3) দাতব্য সংস্থা, অথবা একটি সংস্থা যা রাষ্ট্রীয় আইন দ্বারা তৈরি বা রাষ্ট্রকে অনুসরণ করে এবং জনসাধারণের উদ্দেশ্যে পরিচালিত হয়, সেই ধরণের প্রতিষ্ঠান শিল্পীদের সঙ্গে যৌথভাবে আবেদন করার যোগ্য।

## সহে□াগিতা

### আমি একজন শিল্পী, কিন্তু আমার এমন কোনো সংস্থা নেই □ার সাথে আমি দুই বছরের জন্য জোটবদ্ধ হতে চাই। আমি কি নিজের থেকে আবেদন করতে পারি?

না। আর্টিস্ট এমপ্লয়মেন্ট প্রোগ্রামের ক্ষেত্রে শিল্পী এবং সংগঠনের মধ্যেকার একটি যৌথ আবেদন প্রয়োজন। একটি সম্প্রদায়-ভিত্তিক সংস্থার সহযোগীতা ছাড়া, আমরা শিল্পীদের আর্টিস্ট প্রোগ্রামের উদ্দেশ্যে CRNY-এর গ্যারান্টিড ইনকামের জন্য আবেদন করার সুপারিশ করি। আরও তথ্যের জন্য www.creativesrebuildny.org/apply/guaranteed-income ভিজিট করুন।

### আমি একটি সংস্থা, কিন্তু সহ□াগিতা বৃদ্ধির উদ্দেশ্যে আমাদের নির্দিষ্ট কোনও শিল্পীর সঙ্গে কোনও সম্পর্ক নেই। একটি প্রতিষ্ঠান কি [একজন] শিল্পী(দের) ছাড়া আবেদন করতে পারেন?

না। আর্টিস্ট এমপ্লয়মেন্ট প্রোগ্রামের ক্ষেত্রে শিল্পী এবং সংগঠনের মধ্যেকার একটি যৌথ আবেদন প্রয়োজন। শিল্পীদের *অবশ্যই* স্পষ্টভাবে নাম দেওয়া থাকবে, এবং সহযোগিতাটি শিল্পীদের সঙ্গেই করা উচিত।

### সহ□াগিতা এবং অংশীদারিত্ব আদতে কেমন হতে পারে?

এমন কিছু কাল্পনিক সহযোগিতা যেগুলি অন্তর্ভুক্ত থাকে, কিন্তু সীমাবদ্ধ নয়:

- আবাসিক শিল্পীদের সঙ্গে কাজ করার মাধ্যমে, একটি আর্ট স্টুডিও স্থানীয় অভিবাসী জনসংখ্যার নীতি সম্পর্কিত প্রয়োজনীয়তাগুলিকে পূরণ করবে।
- জনসাধারণের জন্য অনুষ্ঠান রচনা করার উদ্দেশ্যে একটি শিল্পী সমষ্টি তাদের শিল্পীদের একটি স্থানীয় থিয়েটারের মাধ্যমে নিয়োগ করবে।
- সংস্কৃতি ধারকগণ ঐতিহ্যবাহী এবং সমসাময়িক শিল্পীদের ব্যাপারে ডকুমেন্ট প্রদান করে থাকে এবং একটি স্বদেশী সংস্থার সঙ্গে সহযোগিতা করে কাজ করা শিল্পীদের জন্য শিক্ষানবিশ প্রদান করবে।
- একটি আবাসন উন্নয়ন সংস্থা সামাজিক সংহতি বজায় রাখার জন্য স্থানীয় পাবলিক হাউজিং-এর বাসিন্দাদের সঙ্গে কাজ করার জন্য শিল্পীদের সঙ্গে সহযোগিতা করবে।
- একটি অলাভজনক আইনি সংস্থা ফিল্ম নির্মাতাদের সঙ্গে সহযোগীতা করবে, যাতে ফিরে আসা নাগরিকদের এবং রাজ্য জুড়ে সম্প্রদায়গুলির উপর তাদের ইতিবাচক প্রভাবগুলিকে নথিভুক্ত করা যায়।
- প্রত্যেকটি এজেন্সিতে কাজ করা শিল্পীদের সঙ্গে কাজ করার মাধ্যমে, প্রতিদিনের সমস্যাগুলিকে উদ্ভাবনী উপায়ে সমাধান করার লক্ষ্যে কর্মীদের সহায়তা করার জন্য একটি শহর শিল্পীদের নিয়োগ করবে।
- একটি সম্প্রদায়ের অলাভজনক সংস্থা শিল্পীদের স্কুলের পরে এবং স্কুল পাঠ্যক্রমে সহায়তা করার জন্য শিল্পকলা বিষয়ক শিক্ষকদের নিয়োগ করবে।
- একটি থিয়েটার, আগামী পাঁচ বছর মঞ্চস্থ হওয়ার মতো নাটক লেখার জন্য স্থানীয় নাট্যকারদের নিয়োগ করবে।

### আমি নিজে আবেদন করলে CRNY কি আমাকে একজন সহ□াগী শিল্পী বা সংস্থাতে নিয়োগ করতে পারবে?

না। CRNY আনুষ্ঠানিকভাবে শিল্পী ও প্রতিষ্ঠানের মধ্যে 'যোগাযোগ স্থাপন' করতে পারে না; যাইহোক, একটি যৌথ আবেদন তৈরি করার প্রক্রিয়া শিল্পী এবং সংস্থাগুলিকে নতুন সম্পর্ক তৈরি করতে এবং বিদ্যমান সম্পর্কগুলিকে আরও গভীর করতে সাহায্য করতে পারে। CRNY ফেব্রুয়ারি এবং মার্চ মাসে অনলাইনে তথ্য প্রদান করা হবে, এই সময়ে শিল্পী এবং সংস্থা যারা একে অপরের সঙ্গে দেখা করার জন্য উপস্থিত হবেন, তাঁদের জন্য সময় বরাদ্দ করা থাকবে।

### একাধিক সংস্থা কি একসাথে আবেদন করতে পারে?

হ্যাঁ। যে অংশীদারিত্বের মধ্যে কলা এবং অ-কলা সংস্থাগুলি জড়িত থাকে, অথবা এমন কোনও সংস্থা যা অন্য সংস্থাগুলির একটি কেন্দ্র হিসাবে কাজ করে এমন একটি প্রধান সংস্থার সঙ্গে সহযোগিতা করা সম্ভব। এই সমস্ত ক্ষেত্রে, একটি সংস্থাকে মূল আবেদনকারী হিসাবে মনোনীত করতে হবে।

### আবেদন করার জন্য আমাদের কি 2-বছরের একটি বিশদ প্রকল্প পরিকল্পনা করা দরকার?

না। আমরা বুঝতে পারি যে সহযোগিতা গঠন করার উদ্দেশ্যে সম্পর্ককে আরও গভীর করতে এবং কাজটি ঠিক কিরকম হওয়া উচিত, তা নির্ধারণ করতে সময় লাগতে পারে। আবেদনটির লক্ষ্য হল, শুধুমাত্র লক্ষ্য, অভিজ্ঞতা এবং সংস্থা(গুলি) এবং শিল্পী(দের) মধ্যে সম্পর্ক সুস্পষ্টভাবে প্রকাশ করা, একইসঙ্গে স্পষ্টভাবে একটি সম্প্রদায়ের প্রয়োজন বা ইচ্ছাকে সংজ্ঞায়িত করতে প্রস্তাবিত কাজটি পূরণ করা।

### আমাদের সহযোগিতাটি কি নতুন হতে হবে?

না। আমরা বুঝতে পারি যে শিল্পী এবং সংস্থাগুলির মধ্যে এমন ধরণের সহযোগিতা বিদ্যমান থাকে, যা অনেক আগে থেকে বিদ্যমান এবং দীর্ঘস্থায়ী।

### আর্টিস্ট এমপ্লয়মেন্ট প্রোগ্রামের মাধ্যমে আমার সংস্থা সর্বনিম্ন এবং সর্বোচ্চ কত সংখ্যক শিল্পীকে সহযোগিতা করতে পারে?

একটি সংস্থাকে অবশ্যই ন্যূনতম একজন শিল্পীর সঙ্গে সহযোগিতা করতে হবে এবং এই প্রোগ্রামটি প্রতি সংগঠন পিছু সর্বোচ্চ দশজন শিল্পীকে সহায়তা প্রদান করবে।

### কোন সম্প্রদায়গুলিকে আমাদের সহযোগিতা প্রদান করা উচিত?

আমরা এমন সংস্থা এবং শিল্পীদের অগ্রাধিকার প্রদান করছি, যারা কৃষ্ণাঙ্গ, স্বদেশী এবং/অথবা বিভিন্ন বর্ণের মানুষ, অভিবাসী, LGBTQIAP+, বধির/অক্ষম, ফৌজদারি আইনি ব্যাপারে জড়িত, স্বল্প আয়সম্পন্ন এবং/অথবা গ্রামীণ জনগোষ্ঠীর সাথে কাজ করছে।

### প্রকল্পটির পরিধি আঞ্চলিক বা রাজ্যব্যাপী হতে পারে কি?

হ্যাঁ।

### AEP-এর কি কোনও অঞ্চলকে অগ্রাধিকার দিতে পারে ?

হ্যাঁ। নিউ ইয়র্ক স্টেটের নির্দিষ্ট অঞ্চল জুড়ে অর্থ প্রদান করাকে অগ্রাধিকার দেওয়ার জন্য CRNY পরিকল্পিতভাবে এটির প্রচার, পর্যালোচনা এবং নির্বাচন করার পদ্ধতিটিকে তৈরি করেছে।

## অর্থ প্রদান করা

### শিল্পীরা কত টাকা বেতন পাচ্ছেন?

শিল্পীদের 2 বছরের জন্য প্রতি বছর $65,000 এবং সুবিধাগুলি প্রদান করা হবে। শিল্পীর বার্ষিক বেতনের 28% হারে স্বাস্থ্য পরিষেবার মতো কর্মসংস্থানের সুবিধাগুলির ক্ষেত্রে AEP অর্থ প্রদান করবে। এই সুবিধাগুলি সংস্থার মানসম্পন্ন মানবসম্পদ সংক্রান্ত কাজের ভিত্তিতে, শিল্পীকে কর্মসংস্থান প্রদানকারী (হয় সহযোগী সংস্থা বা মধ্যস্থতাকারী) সংস্থার মাধ্যমে পরিচালিত হবে।

### সংস্থা কি অর্থ সাহায্য গ্রহণ করতে পারবে?

সহযোগিতা সমর্থন করার জন্য সংস্থাগুলি প্রতি বছর $25,000 থেকে $100,000 গ্রহণ করবে।

### ম্যাচিং ফান্ডের প্রয়োজন রয়েছে কি?

না।

### এটা কি হতে পারে যে একটি সংস্থা একাধিক শিল্পীর সঙ্গে মিলে আবেদন করতে পারে, কিন্তু আর্টিস্ট এমপ্লয়মেন্ট প্রোগ্রাম শুধুমাত্র একটি নির্দিষ্ট সংখ্যক শিল্পীদের জন্য কর্মসংস্থানের উদ্দেশ্য অর্থ প্রদান করবে?

না। যদি আবেদনে নাম থাকা সমস্ত শিল্পীরাই শিল্পী হিসাবে এবং নিউ ইয়র্ক স্টেটের বাসিন্দা হিসাবে মৌলিক মানদণ্ডগুলি পূরণ করতে পারেন, তাহলে তাঁদের সহযোগিতার জন্য অর্থ প্রদান করা হবে।

# বিধিনিষেধ

### আমি একজন আর্থিক সহায়তাপ্রাপ্ত শিল্পী, আমি কি মূল সংস্থা হিসাবে আমার আর্থিক পৃষ্ঠপোষকের সঙ্গে মিলে AEP-তে আবেদন করতে পারি?

না। একটি সম্প্রদায়-ভিত্তিক সংস্থা থাকতে হবে যার সঙ্গে আপনি আপনার কাজের ব্যাপারে সহযোগিতা করবেন।

### আমার সংস্থা হল একটি LLC, যেটি সম্প্রদায়-ভিত্তিক কাজ করে থাকে। আমরা কি শিল্পীদের নিয়োগ করার জন্য AEP-তে আবেদন করতে পারি?

একটি LLC বা অন্য 501(c)(3)হীন সংস্থা মূল সংস্থা হিসাবে আবেদন করতে পারেন না, তবে একটি 501(c)(3) দাতব্য সংস্থা বা একটি 501(c)(3) সংস্থার আবেদনের ভিত্তিতে সহযোগী অংশীদার হিসাবে একটি আর্থিক পৃষ্ঠপোষকের সঙ্গে মিলে আবেদন করতে পারে। হয় আর্থিক পৃষ্ঠপোষক অথবা 501(c)(3) সংস্থাকে আবশ্যিকভাবে মূল সংস্থা হতে হবে এবং AEP আর্থিক অনুদানের সঙ্গে যুক্ত সমস্ত অর্থ গ্রহণ করবে।

### প্রতিটি শিল্পী ও প্রতিষ্ঠান কতগুলি আবেদন জমা দিতে পারে?

প্রতিটি শিল্পী ও প্রতিষ্ঠান একবারই আবেদন করতে পারবে। শিল্পীরাও শিল্পীদের জন্য গ্যারান্টিড ইনকামের জন্য আবেদন করতে পারেন কিন্তু একইসঙ্গে দুটি প্রোগ্রামেই অংশগ্রহণ করতে পারবেন না।

### নিউ ইয়র্ক স্টেটের বাইরে থাকা আবেদনকারীদের কি অর্থ সাহায্য করা হবে?

না।

### আমি যদি একটি দল নিয়োগ করতে চাই, যেটির একজন সদস্য নিউ ইয়র্ক স্টেটের বাইরে বাস করেন, তাহলে কি হবে?

শুধুমাত্র নিউ ইয়র্ক স্টেট-ভিত্তিক শিল্পীদের সহায়তা প্রদান করা যেতে পারে।

### AEP-এর মাধ্যমে নথিভুক্তহীন শিল্পীদের কি নিয়োগ করা যেতে পারে?

AEP-তে অংশগ্রহণকারী সকল কর্মী এবং সংস্থাকে অবশ্যই নিউ ইয়র্ক স্টেটের শ্রম আইন মেনে চলতে হবে।

### কেন আমি CRNY-তে শিল্পীদের জন্য গ্যারান্টিড ইনকাম এবং আর্টিস্ট এমপ্লয়মেন্ট প্রোগ্রাম দুইয়ের জন্যই আবেদন করতে পারি না?

আমরা শিল্পীদের নিদারুণ সমস্যাগুলিকে বুঝতে পারি এবং আমরা শিল্পীদের (এবং তাদের AEP সহযোগীরা) তাঁদের নির্দিষ্ট প্রয়োজন মেটানোর জন্য দুটি প্রোগ্রামের মধ্যে কোনটি সবচেয়ে ভালো তা গভীরভাবে বিবেচনা করি। আর্টিস্ট এমপ্লয়মেন্ট প্রোগ্রামের মূল লক্ষ্য হল শিল্পী এবং সম্প্রদায়-ভিত্তিক সংস্থাগুলির মধ্যে অংশীদারিত্ব নির্মাণ করা। এই অংশীদারিত্বের প্রতিশ্রুতি আমাদের পর্যালোচনা প্রক্রিয়া এবং প্রস্তাবিত সহযোগিতার সাফল্যের অবিচ্ছেদ্য অংশ। এছাড়াও, যদি দুটি প্রোগ্রামের জন্যই শিল্পীদের নির্বাচন করা হয়, তাহলে আমাদের নিউ ইয়র্ক স্টেট জুড়ে থাকা 2,700 জন স্বতন্ত্র শিল্পীদের সহায়তা করার লক্ষ্যে সমস্যা সৃষ্টি হবে।

# আবেদন প্রক্রিয়া এবং সহায়তা

### কে আমার আবেদন পর্যালোচনা করবেন?

সমকক্ষ পর্যালোচনাকারীদের একটি প্যানেল এবং CRNY কর্মীদের দ্বারা সমস্ত আবেদন পর্যালোচনা করা হবে।

### আমি কি আমার প্রস্তাব সম্পর্কে একজন CRNY স্টাফ সদস্যের সাথে কথা বলতে পারি?

CRNY-এর প্রস্তাবগুলি নিয়ে আলোচনা করার ক্ষমতা নেই, তবে আপনি 855-929-3863 নম্বরে (সোমবার-শুক্রবার সকাল 10:00টা থেকে বিকাল 4:00টা ইস্টার্ন টাইম পর্যন্ত লাইভ সহায়তা উপলব্ধ) বা ইমেল করে আমাদের হেল্প ডেস্ক দলের সঙ্গে যোগাযোগ করতে পারেন HelpDesk@creativesrebuildny.org।

### আবেদনকারীদের জন্য একটি ওয়েবিনার (অনলাইন মিটিং)-এর ব্যবস্থা করা হবে?

হ্যাঁ। একাধিক বার সেটি করা হবে। সবচেয়ে সাম্প্রতিক সময়সূচী এবং রেজিস্ট্রেশন সম্পর্কিত নির্দেশাবলীর জন্য www.creativesrebuildny.org/apply-তে ভিজিট করুন।

### আমাদের কাজের জন্য কি আমাদের সহায়তা বিষয়ক চিঠি জমা দেওয়া উচিত?

না।

### আমি প্রযুক্তিগত সমস্যার সম্মুখীন হচ্ছি, এবং আমি ঠিক বুঝতে পারছি না কোথায় ভুল হয়েছে।

অনুগ্রহ করে আমাদের হেল্প ডেস্ক দলের সঙ্গে 855-929-3863 নম্বরে ফোন করে (সোমবার-শুক্রবার সকাল 10:00টা থেকে বিকাল 4:00টা ইস্টার্ন টাইম পর্যন্ত লাইভ সহায়তা উপলব্ধ) বা ইমেল করে HelpDesk@creativesrebuildny.org যোগাযোগ করুন।

### আমি ইংরেজি বা স্প্যানিশ ভাষায় কথা বলতে পারি না। আমি কিভাবে আবেদন করতে পারি?

যে সকল আবেদনকারী ইংরেজি বা স্প্যানিশ বলতে পারেন না এবং যে সকল আবেদনকারীরা ইংরেজি ভাষা শিখছেন তাঁদের সাহায্য করার জন্য হেল্প ডেস্কে উপস্থিত অনুবাদকারীরা সদা সচেষ্ট। অনুগ্রহ করে আমাদের হেল্প ডেস্ক দলের সঙ্গে 855-929-3863 নম্বরে ফোন করে (সোমবার-শুক্রবার সকাল 10:00টা থেকে বিকাল 4:00টা ইস্টার্ন টাইম পর্যন্ত লাইভ সহায়তা উপলব্ধ) বা ইমেল করে HelpDesk@creativesrebuildny.org। যোগাযোগ করুন।

### আমি আরও প্রশ্ন রয়েছে। আমি কার সঙ্গে যোগাযোগ করব?

অনুগ্রহ করে আমাদের হেল্প ডেস্ক দলের সঙ্গে 855-929-3863 নম্বরে ফোন করে (সোমবার-শুক্রবার সকাল 10:00টা থেকে বিকাল 4:00টা ইস্টার্ন টাইম পর্যন্ত লাইভ সহায়তা উপলব্ধ) বা ইমেল করে HelpDesk@creativesrebuildny.org যোগাযোগ করুন।